# মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন পর্যবেক্ষণ সিস্টেম এর হালনাগাদকরণের নিমিত্ত প্রতিবেদন।

ফেব্রুয়ারি -২০২৪

শিল্প মন্ত্রণালয় সংশ্লিষ্ট মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতির সংখ্যা ১০টি এবং নির্দেশনার সংখ্যা ৬০টি। উক্ত ১০টি প্রতিশ্রুতির মধ্যে ২টি প্রতিশ্রুতি বাস্তবায়িত হয়েছে এবং ৮টি প্রতিশ্রুতি বাস্তবায়নাধীন রয়েছে। ৬০টি নির্দেশনার মধ্যে ইতিমধ্যে ৩৫টি বাস্তবায়িত হয়েছে এবং ২৫টি নির্দেশনা বতর্মানে বাস্তবায়নাধীন আছে।

**বাস্তবায়নাধীন ৮টি প্রতিশ্রুতির বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপ:**

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | টাংগাইল শিল্প পার্ক স্থাপন।<br><br>**(প্রতিশ্রুতি নং-১)**<br><br>৩০/৬/২০১২ | প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য বিসিক শিল্পপার্ক টাঙ্গাইল শিরোনামে মির্জাপুর উপজেলার গোড়াই মোমিননগর মৌজায় ৪৯.৩৫ একর জমি নিয়ে ১৬৪.০০ কোটি টাকা ব্যয়ে প্রকল্প গ্রহণ করা হয়। উল্লেখ্য গত ১৮-০৬-২০১৯ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় প্রকল্পের ১ম সংশোধন অনুমোদিত হয় এবং সংশোধিত প্রকল্প ব্যয় ২৯৫.৭৫ কোটি টাকা। ২য় সংশোধন অনুযায়ী প্রকল্প ব্যয় ৩৪৫.৪৭ কোটি টাকা।<br><br>মেয়াদ: জুলাই ২০১৫ হতে জুন ২০২২ পর্যন্ত। পিইসি সভায় প্রকল্পের মেয়াদ জুন/২০২৫ পর্যন্ত অনুমোদিত হয়। | • ১ম সংশোধিত অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের মাটি ভরাট কাজ সম্পন্ন হয়েছে।<br>• প্রকল্পটি ৩৪৫৪৭.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গত ১৯.০৬.২০২৩ তারিখ জুলাই ২০১৫ হতে জুন ২০২৫ মেয়াদে ২য় সংশোধন প্রস্তাব মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদন লাভ করে। প্রকল্পের সকল পূর্ত কাজের টেন্ডার আহবানের জন্য কমিটি গঠন করা হয়েছে। ভূমি উন্নয়ন কাজের দরপত্র আহবান করা হলে কোন যোগ্য দরপত্র না পাওয়ায় পুনরায় (৩য় বার) ১৩-০২-২০২৪ তারিখ দরপত্র আহবান করা হয় এবং ২৯-০২-২০২৪ তারিখ উক্ত দরপত্র উন্মুক্ত করা হয়। বর্তমানে দরপত্র মূল্যায়ন কার্যক্রম সমাপ্ত হয়েছে। শীঘ্রই NOA জারি করা হবে।<br>• প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৩৫৯৬.০৫ লক্ষ টাকা।<br>• বর্তমানে সংশোধিত প্রকল্প ব্যয় ৩৪৫৪৭.০০ লক্ষ টাকা বিধায় প্রকল্পের ভৌত অগ্রগতি ৬৮.৭৬% এবং আর্থিক অগ্রগতি ৬৮.৩০ %। | বিসিক |
| ০২. | দক্ষিণাঞ্চল বিশেষ করে বরগুনাতে সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃ প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তুলতে হবে। পায়রা বন্দরের নিকট ড্রাইডক নির্মাণ করার বিষয়ে উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>**(প্রতিশ্রুতি নং-২)**<br><br>২২/০২/২০১১ | • মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী বরগুনা জেলার তালতলী উপজেলার ছোট নিশানবাড়িয়া মৌজায় আধুনিক ও টেকসই পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াকরণ শিল্প স্থাপনের জন্য ১০৫.৫০ একর জমি চিহ্নিত করা হয়েছে। জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, বরগুনা বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে।<br>• বরগুনায় সুবিধাজনক স্থান চিহ্নিত করে জাহাজ নির্মাণ ও পুনঃপ্রক্রিয়াকরণজাত শিল্প গড়ে তোলার লক্ষ্যে সম্ভাব্যতা যাচাইয়ের জন্য "Feasibility Study of Environment Friendly Ship Re-cycling Industry at Taltali Upazila in Barguna District" শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা যাচাই এর অবশিষ্ট অংশ সম্পূর্ণ করার জন্য গত ২৪/১১/২০২২ তারিখে Institute of Water Modeling (IWM) এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়। | **বরগুনা জেলার তালতলী উপজেলায় পরিবেশ বান্ধব জাহাজ পুন:প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনঃ**<br><br>বরগুনা জেলার তালতলী উপজেলায় পরিবেশবান্ধব জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের জন্য বিএসইসি এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন পরামর্শক প্রতিষ্ঠান Institute of Water Modeling (IWM) এর সহিত গত ২৪-১১-২০২২ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে IWM কর্তৃক Inception Report প্রেরণ করা হয়েছে এবং বিএসইসি কর্তৃক গঠিত কমিটি Inception Report মূল্যায়ন প্রতিবেদন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। IWM থেকে গত ১৭-০৫-২০২৩ তারিখে Survey কাজের উপর Interim Report পাওয়া গিয়েছে। Interim Report এর উপর গত ২৫-০৫-২০২৩ তারিখে IWM এর প্রতিনিধির উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় NAVY হতে Data সংগ্রহপূর্বক Interim Report পুনরায় দাখিল করার নির্দেশনা দেওয়া হয়েছে। IWM গত ১২-০৭-২০২৩ তারিখে Interim Report সংশোধন করে বিএসইসিতে দাখিল করেছে। IWM কর্তৃক প্রণীত খসড়া সম্ভাব্যতা প্রতিবেদন এবং ডিপিপি এর উপর কমিটির ২৩-০১-২০২৪ তারিখে আলোচনা ও ৩০-০১-২০২৪ তারিখে কর্মশালা অনুষ্ঠিত হয়। সে মোতাবেক ১৪-০২-২০২৪ তারিখে IWM কর্তৃক সংশোধিত চূড়ান্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন ও ডিপিপি কার্যক্রম সম্পন্ন হয়েছে। | বিএসইসি |

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি ও প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০৩. | কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে রাঙ্গাবালি উপজেলার বড়বাইশদিয়া ইউনিয়নে জাহাজমারাচর পয়েন্টে জাহাজ ভাঙ্গা শিল্প স্থাপন এবং শিপইয়ার্ড নির্মাণ।<br><br>**(প্রতিশ্রুতি নং-৩)**<br><br>২৫/০২/২০১২ | • মাননীয় প্রধানমন্ত্রী ২৫.০২.২০১২ তারিখ পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার এমবি কলেজ মাঠে অনুষ্ঠিত একজন সভায় 'কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে পটুয়াখালী জেলায় জাহাজ নির্মাণ শিল্প স্থাপনের প্রতিশ্রুতি প্রদান করেন। মাননীয় প্রধানমন্ত্রীর এ প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে এ শিল্প স্থাপনের নিমিত্ত অর্থনৈতিক ও ভৌগোলিক কারণে এবং নৌবাহিনীর সুপারিশের প্রেক্ষিতে পায়রা বন্দর এলাকাকে বাছাই করা হয়েছে। এটি বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রনাধীন বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি) এর অনুকূলে প্রশাসনিক আদেশ দেয়া হয়েছে।<br>• জমি অধিগ্রহণের নিমিত্ত জেলা প্রশাসক, পটুয়াখালী বরাবর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রস্তাবিত জমির CS, RS, BS পর্চা ও জমির তথ্য জেলা প্রশাসক, পটুয়াখালী-এর কার্যালয় হতে সংগ্রহ করা হয়েছে। পাশাপাশি এ বিষয়ে পায়রা বন্দর কর্তৃপক্ষের অনাপত্তিপত্র ৩১.০১.১৯ তারিখে পাওয়া গেছে।<br>• নৌ-পরিবহন মন্ত্রণালয় কর্তৃক গঠিত কমিটি প্রস্তাবিত স্থানটি পরিদর্শনপূর্বক জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনের জন্য শিল্প মন্ত্রণালয়ের চাহিত ১০৫.০৫ একরের পরিবর্তে ১০০.০০ একর জমির অনাপত্তি প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে। | **পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলায় পায়রা বন্দর এলাকায় জাহাজ নির্মাণ ও মেরামত শিল্প স্থাপনঃ**<br><br>পটুয়াখালীতে একটি আন্তর্জাতিক মানের জাহাজ নির্মাণ কারখানা স্থাপনের লক্ষ্যে Gentium Solution Pvt. Ltd. ও BSEC এর সংগে Joint Venture (JV) কোম্পানি গঠনের জন্য Gentium Solution Pvt. Ltd. কর্তৃক খসড়া Joint Venture Agreement (JVA) কোম্পানি গঠনের প্রস্তাব করা হলে মাননীয় মন্ত্রী, শিল্প মন্ত্রণালয় মহোদয় Validation/Consultation Workshop করার নির্দেশনা প্রদান করেন। নির্দেশনা অনুযায়ী গত ০৩-০৮-২০২৩ তারিখে একটি Validation/Consultation Workshop অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালায় অংশগ্রহণকারীদের বিশেষজ্ঞ মতামত হালনাগাদ করে একটি প্রতিবেদন Gentium Solutions Pte Ltd. বিএসইসিতে দাখিল করে। হালনাগাদকৃত ফিজিবিলিটি স্টাডি রিপোর্ট এবং বিএসইসি'র সাথে স্বাক্ষরের জন্য খসড়া Joint Venture Agreement (JVA) এর উপর গত ০৪-০৯-২০২৩ এবং ০৫-১০-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়, বিএসইসি এবং Gentium Solutions Pte Ltd এর উপস্থিতিতে ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।<br>বিএসইসি এবং Gentium Solutions Pte Ltd এর মধ্যে Joint Venture কোম্পানি গঠনের লক্ষ্যে আর্থিক বিনিয়োগ প্রণোদনা বিষয়ক বিএসইসি'র ৩০% শেয়ারের টাকা নিজস্ব তহবিল হতে সংস্থান করার সক্ষমতা না থাকায় সরকারি অর্থায়ন/অনুদান এর মাধ্যমে প্রয়োজনীয় অর্থের সংস্থান/বরাদ্দের পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | বিএসইসি |
| ০৪. | চট্রগাম জেলার সন্দ্বীপ উপজেলায় বিসিক শিল্পনগরী স্থাপন।<br>**(প্রতিশ্রুতি নং-৪)**<br>১৮/০২/২০১২ | প্রতিশ্রুতি অনুযায়ী সন্দ্বীপ উপজেলার মুছাপুর ইউনিয়নের জমিটি দুই ফসলী হওয়ায় সন্দ্বীপ উপজেলার অন্যত্র অধিগ্রহণ উপযোগী জমি পুনঃনির্ধারণের জন্য প্রাথমিক সম্ভাব্যতা যাচাইয়ের নিমিত্ত কমিটি গঠন করা হয়।<br>মেয়াদ: জানুয়ারি ২০২০ হতে ডিসেম্বর ২০২২ পর্যন্ত। | • প্রকল্পটির বিষয়ে ২১-০৩-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী নতুন করে প্রকল্পের সম্ভাব্যতা যাচাইকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়। কমিটির সুপারিশ অনুযায়ী জেলা প্রশাসন, চট্রগ্রাম থেকে ২৭-০৮-২০২৩ খ্রি. তারিখ সন্দ্বীপ উপজেলার মগধরা মৌজায় ১০.৩৩ একর জমির আনুমানিক ব্যয় প্রাক্কলন ও জমি প্রাপ্তির প্রত্যয়নপত্র পাওয়া গেছে। গত ২৩-১২-২০২৩ তারিখ প্রস্তাবিত প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়েছে।<br>• গত ৩০-১২-২০২৩ তারিখে লে-আউট, ড্রয়িং-ডিজাইন ও পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন পাওয়া গেছে।<br>• ডিপিপি প্রণয়ন করা হয়েছে। | বিসিক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | সিরাজগঞ্জকে ইকোনোমিক জোন হিসেবে গড়ে তোলা এবং সিরাজগঞ্জে শিল্পপার্ক স্থাপন করা।<br>**(প্রতিশ্রুতি নং-৬)**<br>০৯/০৪/২০১১ | প্রতিশ্রুতি অনুযায়ী বিসিক শিল্পপার্ক, সিরাজগঞ্জ শিরোনামে কালিয়া হরিপুর ও বনবাড়িয়া ইউনিয়নের মোরগ্রাম, টালটিয়া, পূর্ব মোহনপুর, ছাতিয়াল তলা, বনবাড়িয়া ৫টি মৌজায় ৪০০ একর জমি নিয়ে মোট ৭১৯.২১ কোটি টাকা ব্যয়ে ৩য় সংশোধিত মেয়াদে প্রকল্প বাস্তবায়ন কাজ চলমান আছে।<br>মেয়াদ: জুলাই ২০১০ হতে জুন ২০২৩ পর্যন্ত। | • প্রকল্পের ১৭টি পূর্ত কাজের মধ্যে ভূমি উন্নয়ণ সয়েল টেস্ট ও ডাইক বাঁধ নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। মাটি পরিমাপ কমিটি কর্তৃক চিহ্নিত অসমতল স্থানসমূহে মাটি লেভেলিং কাজ চলমান রয়েছে। উক্ত স্থানসমূহে লেভেলিং সমাপ্ত হলে কমিটি কর্তৃক মাটি পরিমাপের জন্য সার্ভে শুরু হবে।<br>• বাউন্ডারি ওয়াল ও অন্যান্য নির্মাণ কাজ ৮৬%, লেক রিজার্ভার নির্মাণ কাজ ৫০%, অফিস ভবন নির্মাণ কাজ ৯৮%, ডাম্পিং ইয়ার্ড নির্মাণ কাজ ৯৫%, ৪র্থ পাম্প ড্রাইভার কোয়ার্টারের ছাদ ঢালাইয়ের জন্য রড বাঁধাই ও সাটারিংয়ের কাজ চলমান রয়েছে, ড্রেন নির্মাণ কাজ ৩৩%, পানির পাইপ লাইন নির্মাণ কাজ ৯৬%, গভীর নলকূপ নির্মাণ কাজ ৭০%, রাস্তা নির্মাণ কাজ ৪০%, মেইন গেইট ৮০% সম্পন্ন হয়েছে।<br>• গ্যাস লাইন স্থাপনের জন্য হাইপ্রেশার লাইনের আন্তর্জাতিক দরপত্রের চুক্তি সম্পন্ন হয়েছে। আগামী এপ্রিলের মধ্যে মালামাল সাইটে পৌছে যাবে।<br>• নেসকো কর্তৃক নিযুক্ত ঠিকাদার প্রকল্পের অভ্যন্তরে ইতোমধ্যে প্রায় ৮০০টি বিদ্যুতের খুঁটির মধ্যে প্রায় ৬৩৫টি খুঁটি স্থাপন করা হয়েছে। ৪ টি সাব-স্টেশনের মধ্যে ১ম ও ২য় সাব-স্টেশনের নির্মাণ কাজ শুরু হয়েছে।<br>• প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৫৩০.১৬ কোটি টাকা। আর্থিক অগ্রগতি: ৭৪.২৪% ও ভৌত অগ্রগতি: ৮৪%। | বিসিক |
| ০৬. | খুলনা নিউজপ্রিন্ট মিলসহ বন্ধ পাটকলগুলো পুনরায় চালুকরণ এবং বিসিআইসি'র অধীনে দাদা ম্যাচ ফ্যাক্টরি পুনরায় চালুকরণ।<br>**(প্রতিশ্রুতি নং-৭)**<br>০৫/৩/২০১১ | **(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি.:**<br>বন্ধ ঘোষিত খুলনা নিউজপ্রিন্ট মিলস লি. এর অব্যবহৃত ৫০ একর জমি নর্থ ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোঃ লি. (নওপাজেকো)-এর নিকট বিক্রির সিদ্ধান্ত হয়। এ বিষয়ে ১১-১২-২০১৮ তারিখে খুলনা নিউজ প্রিন্ট মিলস লি. এর অনুকূলে ২৫৪.৪২ কোটি (দুইশত চুয়ান্ন কোটি বিয়াল্লিশ লক্ষ) কোটি টাকার চেক হস্তান্তর পরবর্তীতে সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। নওপাজেকো জমি ও স্থাপনার সমুদয় ৫৮৬.৫২ কোটি টাকার মধ্যে অবশিষ্ট অর্থ ২০১৯-২০২০ অর্থ বছরের মধ্যে পরিশোধ করবে। সমুদয় অর্থ পরিশোধের পরে ৫০ একর জমি নওপাজেকো'র অনুকূলে সাফ কবলা মূলে রেজিষ্ট্রেশন সম্পাদন করা হবে।<br>উল্লেখ্য, নওপাজেকো এর নিকট বিক্রয়ের পর অবশিষ্ট থাকবে (৮৭.৬১-৫০.০০) = ৩৭.৬১ একর জমি।<br><br>**(২) <u>দাদা ম্যাচ ওয়ার্কস :</u>**<br>মেসার্স ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লি. এর বেসরকারি শেয়ার হোল্ডারগণ কর্তৃক প্রস্তাবিত বেসরকারি মালিকানাধীন ৭০ শতাংশ | **(১) খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি .:**<br>• কেএনএমএল এবং নর্থ ওয়েষ্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড (নওপাজেকো) এর মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক মোতাবেক মোট ৫৮৬.৫২ কোটি টাকা পরিশোধ করার কথা থাকলেও নওপাজেকো ২৫৪.৪২ কোটি টাকা পরিশোধ করেছে।<br>• অবশিষ্ট ৩৩২.১০ কোটি টাকা পরিশোধের জন্য শিল্প মন্ত্রণালয় হতে একাধিকবার পত্র প্রেরণ করা হয়। এ ছাড়া অর্থ পরিশোধের জন্য কেএনএমএল থেকে প্রধান নির্বাহী কর্মকর্তা, নওপাজেকো বরাবর সর্বশেষ ২৫-০২-২০২৪ তারিখে ৩৫ তম তাগাদা পত্র প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয়ের জুন, ২০২৩ মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে সচিব, বিদ্যুৎ বিভাগের সাথে সভা আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।<br>• নওপাজেকো-এর নিকট বিক্রির পর খুলনা নিউজপ্রিন্ট মিলস লি. এর অবশিষ্ট ৩৭.৭১ একর জমি এবং হার্ডবোর্ড মিলের ৯.৯৬ একর জমি একীভূত করে জমির পরিমাণ হয় ৪৭.৬৭=(৩৭.৭১+৯.৯৬) একর। উক্ত জমিতে নতুন নিম্নোক্ত ৩টি কারখানা নির্মাণের লক্ষ্যে Techno-Economic Feasibility Study সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছেঃ 1.Integrated Paper Mill or 2. Starch Factory or 3. API Complex<br><br>• আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে পরামর্শক প্রতিষ্ঠান WASO Engineers and Consultants (BD) Ltd. এর সাথে গত ০২-০৮-২০২২খ্রি. তারিখে চুক্তি সম্পাদিত হয়।<br>• পরামর্শক প্রতিষ্ঠান সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করে গত ২২-০২-২০২৪খ্রি. তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে।<br>• টেকনিক্যাল কমিটি কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পরীক্ষা নিরীক্ষা করে বিদ্যমান ত্রুটি সংশোধনের জন্য পরামর্শক প্রতিষ্ঠানকে পরামর্শ প্রদান করা হয়েছে।<br>• পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রতিবেদনের পরিবর্তন ও পরিমার্জন কার্যক্রম চলমান রয়েছে। | বিসিআইসি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | শেয়ার একটি অডিট ফার্মের মাধ্যমে বর্তমান বাজার মূল্য যাচাই করে ধার্যকৃত মূল্য পরিশোধ করে সরকারের অনুকূলে নেয়া অথবা অনুরূপ মূল্যের ভিত্তিতে সরকারি মালিকানাধীন ৩০ শতাংশ শেয়ার ৭০ শতাংশ শেয়ারধারী বেসরকারি শেয়ারহোল্ডারগণের অনুকূলে হস্তান্তরের মাধ্যমে সরকারি বিনিয়োগ প্রত্যাহার করার বিষয়ে শিল্পসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/০৩/২০১৮ তারিখ শিল্প মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয়।<br>• উক্ত সভার সিদ্ধান্তমতে ২৪/০৬/২০১৮ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হলে বর্ণিত বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা গ্রহণের পরিবর্তে ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর সমস্যা নিরসনের লক্ষ্যে মন্ত্রণালয়ের মতামত সম্বলিত পত্র প্রেরণের জন্য নির্দেশনা পাওয়া গেছে।<br>• নির্দেশনা মতে গত ০৯/০৮/২০১৮ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে শিল্প মন্ত্রণালয় হতে একটি পত্র প্রেরণ করা হলেপ্রধানমন্ত্রীর কার্যালয়ের ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখের পত্রে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণের জন্য এ মন্ত্রণালয়কে অনুরোধ জানানো হয়েছে :<br>(ক) ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি. এর দায়-দেনা ও শেয়ারের বিষয়টি একটি প্রতিষ্ঠিত অডিট ফার্ম দিয়ে অডিট করাতে হবে;<br>(খ) এ ছাড়া জমি এবং ব্যাংকের ঋণসহ অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়গুলো আরো পরীক্ষা-নিরীক্ষা করে পুনরায় শিল্প মন্ত্রণালয় প্রস্তাব প্রেরণ করবে।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের উক্ত পত্রের প্রেক্ষিতে সচিব মহোদয়ের নির্দেশনায় 'ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং লি.' এর মালিকানাধীন খুলনা ইউনিট 'দাদা ম্যাচ ওয়ার্কস্' এবং ঢাকা ইউনিট 'ঢাকা ম্যাচ ফ্যাক্টরি' এর দায়-দেনা নিরূপনের উদ্যোগ নেয়া হয়েছে এবং বাজার মূল্য নির্ধারনের জন্য জেলা প্রশাসক ঢাকা, খুলনা ও বিসিআইসি বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | **(২) দাদা ম্যাচ ওয়ার্কস :**<br>ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোম্পানি লিমিটেড (দাদা ম্যাচ ওয়ার্কস) এর বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য গত ৩০-১০-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:<br>'ঢাকা ম্যাচ ইন্ডাস্ট্রিজ কোং. লি. (দাদা ম্যাচ ফ্যাক্টরি) এর সম্পদ, দায়-দেনা সংক্রান্ত অডিট রিপোর্টের উপর বিসিআইসি'র মতামত ও প্রতিষ্ঠান সংশ্লিষ্ট মামলাসমূহের সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা পূর্বক সিদ্ধান্ত গ্রহণের নিমিত্তে গত ০৫-১১-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক মন্ত্রণালয়ের বিসিআইসি অধিশাখাকে দ্রুত পদক্ষেপ গ্রহণ করার নির্দেশনা প্রদান করা হয়। সে মোতাবেক পরবর্তী কার্যক্রম চলমান রয়েছে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমিতে শিল্পপার্ক স্থাপন।<br><br>**(প্রতিশ্রুতি নং-৮)**<br><br>২৯/১২/২০১০ | ▪ উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্পপার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক-কে উক্ত জমি বরাদ্দ দেয়া হবে কিনা সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা জন্য চাওয়া হয়েছে এবং উক্ত কার্যালয় হতে যে নির্দেশনা প্রদান করা হবে সে অনুযায়ী পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। | • বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) এর কাজের অগ্রগতি বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাবেক মুখ্য সচিব জনাব মো: আবুল কালাম আজাদ এর সভাপতিত্বে গত ১৩/০১/২০১৬ তারিখের সভায় সিদ্ধান্ত গৃহিত হয় যে, "মুহুরী প্রজেক্টে জেগে ওঠা ১৭,০০০ একর জমি এবং পরবর্তীতে আরও জমি জেগে ওঠলে তা বেজা ছাড়া অন্য কাউকে বরাদ্দ দেওয়া যাবে না"।<br>• উপর্যুক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে উক্ত জমিতে বিসিক কর্তৃক শিল্পপার্ক স্থাপনের লক্ষ্যে বিসিক-কে জমি বরাদ্দ দেয়া হবে কিনা সে বিষয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনা চেয়ে গত ২৩-০৪-২০১৯ ও ২৯-০৫-২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে ৩০-০৫-২০১৯ তারিখের পত্রের মাধ্যমে উক্ত জমির বর্তমান অবস্থা সম্পর্কে শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি, বেজার প্রতিনিধি, প্রধানমন্ত্রীর কার্যালয়ের পরিচালক-১ এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসক-কে যৌথভাবে সরেজমিনে পরিদর্শন করে ০৪ (চার) সপ্তাহের মধ্যে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। সে অনুযায়ী শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি হিসেবে অতিরিক্ত সচিব (বিসিক)-কে মনোনয়ন প্রদান করা হয়।<br>• উক্ত কমিটি গত ২২/০৭/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রতিবেদন দাখিল করা হয়েছে। | বিসিক |
| ০৮. | ঠাকুরগাঁও জেলায় খাদ্য প্রক্রিয়াজাতকরণ অঞ্চল স্থাপন।<br>**(প্রতিশ্রুতি নং-১০)**<br>২৯/০৩/২০১৮ | • মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী ঠাকুরগাঁও জেলায় প্রথমে ১৫ একর জমি পরবর্তী ৫০ একর জমিতে খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্পাঞ্চল স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।<br>মোট প্রকল্প ব্যয় ৯৮৬১.০০ লক্ষ টাকা।<br>**বাস্তবায়নের মেয়াদ**: জুলাই ২০২১ - জুন ২০২৪ পর্যন্ত। | • ২০২১-২২ অর্থবছরে জমিগ্রহণ বাবদ ৪৭০৭.৬৯ লক্ষ টাকা জেলা প্রশাসক, ঠাকুরগাঁও বরাবর হস্তান্তর করা হয়।<br>• প্রকল্পে জমি অধিগ্রহণ প্রক্রিয়াধীন রয়েছে। ভূমি মন্ত্রণালয় হতে ০৯-০৭-২০২৩ তারিখ জমি অধিগ্রহণের চূড়ান্ত অনুমোদন পাওয়া গেছে। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও কর্তৃক গত ২৬-০৯-২০২৩ তারিখে ০৭ ধারা নোটিশ জারি হয়। বর্তমানে জেলা প্রশাসক, ঠাকুরগাঁও এর জমির মূল্যের ডিমান্ড নোট গত ১১-০১-২০২৪ তারিখ পাওয়া গেছে। প্রকল্পের পিএসসি সভার সিদ্ধান্তানুসারে বর্তমান পিডব্লিউডি রেট শিডিউল অনুযায়ি পূর্তকাজের সংশোধিত ডিপিপি প্রণয়ন করা হয়েছে। প্রস্তাবিত সংশোধিত ডিপিপি গত ২৭-০২-২০২৪ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।<br>• প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে প্রাক্কলিত ব্যয় ১১৬৭৩.০০ লক্ষ টাকা। প্রস্তাবিত সংশোধিত ডিপিপিতে প্রকল্পের মোট ব্যয় বেড়েছে ১৮.৩৮% (১৮১২.০০ লক্ষ টাকা)। প্রকল্প মেয়াদ জুলাই, ২০২১ হতে জুন, ২০২৬ পর্যন্ত প্রস্তাব করা হয়েছে।<br>• প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪৭৬২.০০ লক্ষ টাকা। আর্থিক অগ্রগতির হার ৪৮.২৭%। | বিসিক |

## বাস্তবায়নাধীন ২৫টি নির্দেশনাসমূহ:

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | ভবিষ্যতে আলাদাভাবে বিসিক শিল্পনগরী না করে দেশের প্রত্যেক বিশেষ অর্থনৈতিক জোনে বিসিক কর্তৃক প্লট কিনে শিল্পনগরী প্রতিষ্ঠা করতে হবে।<br>**(নির্দেশনা নং-১)**<br>০৬/৯/২০১৬ | প্রতিশ্রুতি অনুযায়ী বেজার জমিতে জামালপুর ও নীলফামারী জেলায় বিসিক শিল্পনগরী স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | জামালপুর অর্থনৈতিক অঞ্চল হতে ৫০ একর জমিতে শিল্পনগরী স্থাপনের নিমিত্ত 'জামালপুর বিসিক শিল্পনগরী সম্প্রসারণ শীর্ষক প্রকল্পের মাধ্যমে জমি অধিগ্রহণের প্রকল্পটি সমাপ্ত হলেও অদ্যাবধি জমি বুঝে পাওয়া যায়নি। বেজা কর্তৃক বিসিকের জন্য নির্ধারিত ভূমি অন্য একটি বেসরকারী প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করেছে। জামালপুরে বেজা সম্প্রসারণের লক্ষ্যে আরও একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে, সেই প্রকল্প সমাপ্ত হলে সেখানে বিসিক শিল্পনগরী স্থাপনের জন্য ভূমি বরাদ্দ প্রদান করা হবে।<br>▪ দেশব্যাপী বিভিন্ন এলাকায় বিসিকের নতুন শিল্প নগরী স্থাপনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিশেষ অর্থনৈতিক জোন হতে প্লট কিনে বিসিক শিল্পনগরী প্রতিষ্ঠার কার্যক্রম চলমান রয়েছে। বগুড়া, নীলফামারী, যশোর, শরীয়তপুরের জাজিরা, চট্টগ্রামের মিরসরাই বেজা হতে বিসিক শিল্পনগরী প্রতিষ্ঠার জন্য জমি চাওয়া হয়েছে।<br>▪ যে সব এলাকায় বেজার কর্মকান্ড নেই বা বেজা থেকে জমি পাওয়া যাচ্ছে না সে সব এলাকায় বিসিকের শিল্পপার্ক স্থাপনের নিমিত্ত বেজা বাদে অন্যত্র জমি অধিগ্রহণে বেজার অনাপত্তিপত্র সংগ্রহ করা হচ্ছে। বগুড়ায় বেজার অনাপত্তিপত্র পাওয়া গেছে।<br>▪ উল্লেখ্য, অধিকাংশ ক্ষেত্রে বেজার অনাপত্তিপত্র পেতে বিলম্ব হয়। | বিসিক |
| ০২. | ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের উৎসাহিত করে মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাত করণ শিল্প গড়ে তুলতে হবে।<br>**(নির্দেশনা নং-২)**<br>১১/৫/২০১৬ | মধুপুর এলাকায় উৎপাদিত আনারসের জন্য খাদ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প গড়ে তোলার লক্ষ্যে বিসিক কর্তৃক 'বিসিক মধুপুর শিল্প পারক (আনারসসহ কৃষিপণ্য প্রক্রিয়াকরণ), টাঙ্গাইল' শীর্ষক প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান আছে।<br>**বাস্তবায়নের মেয়াদ** : জুলাই ২০২১ হতে জুন ২০২৪ পর্যন্ত। | ▪ ০৩-১০-২০১৯ তারিখে পিইসি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুসারে মধুপুর উপজেলায় মতবিনিময় সভার অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভার সুপারিশ অনুযায়ী স্থানীয় উদ্যোক্তাদের চাহিদার পরিপ্রেক্ষিতে বিসিকের নিজস্ব জায়গা মুক্তাগাছা, ময়মনসিংহের পরিবর্তে বিকল্প হিসেবে মধুপুর, টাঙ্গাইলে জায়গা নির্বাচনের জন্য উদ্যোগ নেওয়া হয়। প্রথমে মধুপুর উপজেলার বেরিবাইদ মৌজায় এবং পরবর্তিতে মধুপুর উপজেলার গারোবাজার সংলগ্ন মহিষমারা মৌজায় জায়গা নির্বাচন করা হলেও বন বিভাগের আপত্তির জন্য জায়গা পাওয়া যায়নি।<br>▪ এ পরিপ্রেক্ষিতে পরে বিসিক মধুপুর উপজেলার মধুপুর পৌরসভা সংলগ্ন আলোকদিয়া ইউনিয়নের আশুরা-সীতারাম-কালামাঝি মৌজার ৫০ একর জমির সম্মতিপ্রদানসহ প্রয়োজনীয় তথ্যাদি প্রেরণের অনুরোধ জানিয়ে জেলা প্রশাসক, টাঙ্গাইল বরাবর পত্র প্রেরণ করা হলেও উক্ত জমি দুই/তিন ফসলি হওয়ায় সম্মতি পাওয়া যায়নি। বর্তমানে, নতুন করে জমি নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে।<br>▪ নতুন জায়গার সম্মতি পাওয়া ও ফিজিবিলিটি স্টাডি সম্পাদন সাপেক্ষে ডিপিপি পুনর্গঠন করা হবে। | বিসিক |
| ০৩. | নতুন শিল্প কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant (CETP) থাকতে হবে এবং পুরাতন কারখানায় মালিকদের ইটিপি তৈরিতে বাধ্য করতে হবে। প্রয়োজনে সরকারি কেন্দ্রীয় CETP তৈরি করে শিল্প মালিকদের সংশ্লিষ্ট ব্যয় ও ফি প্রদান করতে হবে<br>**(নির্দেশনা নং-৩)** | <u>বিসিআইসি :</u><br>• বিসিআইসি'র সকল কারখানায় বর্জ্য শোধনাগার Central Effluent Treatment Plant বিদ্যমান রয়েছে।<br>এছাড়াও বাস্তবায়নাধীন জিপিইউএফপি, পলাশ - আধুনিক ইটিপি অন্তর্ভুক্ত আছে।<br><br>**<u>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন</u>**<br>• বিএসএফআইসির আওতাধীন '১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপন' শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>• প্রকল্পটির মোট বরাদ্দ ৮১৮৪.৩৫ লক্ষ টাকা।<br>• ১৪ টি চিনিকলে ইটিপি স্থাপনের নিমিত্ত উন্মুক্ত দরপত্র | <u>বিসিআইসি :</u><br>অন্যান্য কারখানায় ১০০% বাস্তবায়ন হয়েছে।<br>GHORASAL POLASH UREA FERTILIZER PROJECT (GPUFP) এর বাস্তবায়ন অগ্রগতি ১০০% অর্জিত হয়েছে।<br><br>**<u>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন:</u>**<br>• ১১টি চিনিকলের ইটিপি স্থাপন কাজ ৩০-০৬-২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করা হয়েছে। পিইসি দাখিলের কার্যক্রম চলমান রয়েছে।<br>• ২০২২-২৩ অর্থবছরের জুন, ২০২৩ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক ব্যয় ৮০২৯.১০ লক্ষ টাকা। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৯৮.১০% ও ভৌত অগ্রগতি ১০০%। | বিসিআইসি/ বিসিক/ বিএসএফআইসি |

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | ২৪/৮/২০১৪ | পদ্ধতির মাধ্যমে ঠিকাদার নির্বাচন করে ১৬-০২-২০২০ তারিখে চুক্তি সম্পাদন করা হয়।<br>মেয়াদ: জুলাই ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত।<br><br>**বিসিক :**<br>▪ নতুনভাবে স্থাপিত শিল্পনগরীসমূহে শিল্প উদ্যোক্তাগণ কারখানার চাহিদা মোতাবেক নিজস্ব অর্থায়নে বরাদ্দকৃত প্লটে ইটিপি স্থাপন করবেন (প্রযোজ্য ক্ষেত্রে)। শিল্প কারখানার উদ্যোক্তাদের লে-আউট প্ল্যানে ইটিপি স্থাপনের প্রয়োজনীয় জায়গা রেখে লে-আউট প্ল্যান অনুমোদন দেয়ার জন্য আঞ্চলিক পরিচালকদের অবহিত করা হয়েছে।<br>▪ বিসিক শিল্পনগরীসমূহে স্থাপিত লাল ও কমলা শিল্প কারখানাসমূহে ইটিপি স্থাপন বাধ্যতামূলক। বিসিকের সকল জেলা কার্যালয় ও শিল্পনগরীর আওতাধীন লাল ও কমলা শিল্প কারখানাসমূহের ইটিপি স্থাপন বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কার্যালয়কে নির্দেশনা দেয়া হয়েছে। | **বিসিক :**<br>● বিসিকের শিল্পনগরীসমূহে স্থাপনযোগ্য তরল বর্জ্য নির্গমণকারী শিল্প ইউনিটের সংখ্যা-১৯০টি, ইটিপি স্থাপন করা হয়েছে ১৫৪টি, চালু আছে ১৪৭টি, বন্ধ আছে ০৭টি, ইটিপি নির্মাণাধীন ০৭টি।<br>● অবশিষ্ট ২৯ টি ইটিপি স্থাপনের বিষয়ে দ্রুত পদক্ষেপ গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট আঞ্চলিক কার্যালয়কে বন্ধ ইটিপি চালু, ইটিপি স্থাপনযোগ্য শিল্প প্রতিষ্ঠানে ইটিপি স্থাপন কার্যক্রম ত্বরান্বিত করা ও নির্মাণাধীন ইটিপির নির্মাণ কাজ দ্রুত সমাপ্ত করার নির্দেশ দেয়া হয়েছে। ইটিপি স্থাপন করেনি এমন ২৯ টি শিল্প ইউনিটের তথ্য নিম্নরুপ:<br>● কারখানা বন্ধ-০৮টি (টংগী-০৪টি, কাঁচপুর-০১টি,সিরাজগঞ্জ-০১টি, খুলনা-০১টি, বরিশাল-১টি)<br>● ডাইং সেকশন বন্ধ-০২টি (কোনাবাড়ি-০১টি, কিশোরগঞ্জ-০১টি)<br>● কারখানা নির্মাণাধীন- ০১টি (টংগী-০১টি)<br>● বাতিল করা হয়েছে-০১টি (টংগী-০১টি)<br>● সময় চেয়ে আবেদন-০৬ টি {নাটোর- ০৪টি, ময়মনসিংহ-০১টি, কালুরঘাট (পুরাতন) -০১টি}।<br>● জায়গার স্বল্পতা-০৫টি (খাদিমনগর, সিলেট-০৫টি)<br>● উৎপাদন শুরু করেননি -০১টি (নোয়াখালী-০১টি)<br>● বিবিধ-০৫ টি। ময়মনসিংহ-৩টি, কক্সবাজার-০১টি, কুমিল্লা-০১টি<br>● মালিকানা হস্তান্তর এবং নতুন শিল্প প্লট বরাদ্দের মাধ্যমে স্থাপিত কারখানাগুলো ইটিপি স্থাপনযোগ্য হলে নিজ উদ্যোগ ও খরচে ইটিপি স্থাপনের শর্তে অনুমোদন দেয়া হয়।<br>● যে সকল শিল্প প্রতিষ্ঠান ইটিপি স্থাপন করেনি এবং যেসকল শিল্প ইটিপি বন্ধ রেখে পরিবেশ দূষণ করছে সেসকল শিল্প প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তরকে অনুরোধ জানানো হয়েছে।<br>● ইটিপি স্থাপনযোগ্য যে সকল প্রতিষ্ঠান ইটিপি স্থাপন করেননি সেই সকল প্রতিষ্ঠানকে দ্রুত ইটিপি নির্মাণের জন্য বিসিকের স্থানীয় কার্যালয় হতে নিয়মিত তাগিদপত্র দেয়া হচ্ছে। | |
| ০৪. | নগরায়নে মাস্টার প্ল্যানের মাধ্যমে জেলা উপজেলায় শিল্প স্থাপনের উপযোগী স্থান নির্ধারণ, শিল্প বর্জ্য নিষ্ক্রান্তের পরিকল্পনা এবং কাঁচামালের সহজলভ্যতা ও ব্যাপক কর্মসংস্থানের বিষয় বিবেচনা রেখে শিল্প গড়ে তুলতে হবে।<br>**(নির্দেশনা নং-৪)**<br>২৪/৮/২০১৪ | নগরায়নের মাস্টার প্ল্যানে শিল্প স্থাপনের উপযোগী এলাকা চিহ্নিতকরণের লক্ষ্যে বাংলাদেশের ৬৪ টি জেলার জেলা প্রশাসক বরাবরে বিসিক চেয়ারম্যান এর স্বাক্ষরে টিওআরসহ পত্র দেয়া হয়েছে। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ১৭ টি জেলা (ঢাকা, ময়মনসিংহ, নরসিংদী, রাজশাহী, বগুড়া, নওগাঁ, ব্রাহ্মণবাড়িয়া, মৌলভীবাজার, মাদারিপুর, ফরিদপুর, মুন্সিগঞ্জ, যশোর, পিরোজপুর, মাগুরা, নাড়াইল, ঝিনাইদহ কক্সবাজার) হতে প্রাপ্ত প্রস্তাবের মধ্যে পর্যায়ক্রমে স্বল্প, মধ্য এবং দীর্ঘমেয়াদে প্রকল্প গ্রহণের মাধ্যমে শিল্পনগরী স্থাপনের পরিকল্পনা নেয়া হচ্ছে। | ▪ সরকারের রূপকল্প ২০৪১ বাস্তবায়নে বিসিকের রূপকল্প এবং লক্ষ্যকে সরকারের উন্নয়ন পরিকল্পনাসমূহের সাথে সমান্তরালে রেখে একটি মহাপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।<br>▪ পদ্মাসেতু কেন্দ্রিক টেকসই শিল্পায়নের উন্নয়নে কর্মপরিকল্পনা চূড়ান্ত করা হয়েছে। কর্মপরিকল্পনায় ফেজ ০১-(২০২৩-২০৩০)- এ বাস্তবায়িতব্য ০৮টি প্রকল্পের মধ্যে ৩টি প্রকল্প সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী অবশিষ্ট ০৫ টি প্রকল্পের feasibility study পর্যায়ক্রমে সম্পাদন করা হবে ও সবুজ পাতায় অন্তর্ভুক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।<br>▪ নগরায়নের মাস্টার প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে নরসিংদী, রাজশাহী, মুন্সিগঞ্জ, মৌলভীবাজার ও মাদারিপুর জেলায় বিসিক শিল্পনগরী স্থাপন করা হয়েছে; এবং<br>▪ ঢাকা, ময়মনসিংহ, বগুড়া, ব্রাহ্মণবাড়িয়া, যশোর, পিরোজপুর, মাগুরা, নাড়াইল, ঝিনাইদহ জেলায় শিল্পনগরী স্থাপনের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। | বিসিক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | শিল্প কারখানায় গ্যাস সরবরাহের বিষয়টি অগ্রাধিকার দিতে হবে। আধুনিক প্রযুক্তি ও জ্বালানি সাশ্রয়ী সার কারখানা নির্মাণ করতে হবে। পলাশ ও ঘোড়াশাল সার কারখানায় পুরাতন যন্ত্রপাতি পরিবর্তন করে নতুন যন্ত্রপাতি স্থাপন করতে হবে।<br><br>**(নির্দেশনা নং-৫)**<br>২৪/৮/২০১৪ | <u>**ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্পঃ**</u><br>ইউএফএফএল ও পিইউএফএফএল এর প্রতি টন ইউরিয়া উৎপাদনে গ্যাসের ব্যবহার, ডাউন টাইম (কারিগরি) এবং রক্ষণাবেক্ষণ পুনরাবৃত্তির হার অস্বাভাবিক বৃদ্ধির বিষয়টি বিবেচনায় নিয়ে পিইউএফএফএল এর খালি জায়গায় দৈনিক ২৮০০ মে. টন উৎপাদন ক্ষমতা সম্পন্ন একটি নতুন আধুনিক সার কারখানা স্থাপনের উদ্যোগ বিসিআইসি কর্তৃক গ্রহণ করা হয়। তারই ধারাবাহিকতায় ০৯-১০-২০১৮ তারিখে 'ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টিলাইজার প্রকল্প' শীর্ষক প্রকল্পটি ECNEC সভায় অনুমোদিত হয়।<br>**বাস্তবায়ন কাল :**<br>বর্তমানে প্রকল্পের নির্মাণ কাজ চলমান আছে।<br>বরাদ্দ: (সংশোধিত ডিপিপি অনুযায়ী) ১৫৫০০২০.৯০ লক্ষ টাকা (জিওবি: ৪৫৮০২০.৯০ লক্ষ টাকা বৈদেশিক ঋণ: ১০৯২০০০.০০ লক্ষ টাকা)<br>ব্যয়: ১১৭২১৯৫.৭৮ লক্ষ টাকা (জিওবি: ২০৪৯৭৭.২৭ লক্ষ টাকা, বৈদেশিক ঋণ: ৯৬৭২১৮.৫১ লক্ষ টাকা)<br>প্রকল্পের মেয়াদ: অক্টোবর, ২০১৮ হতে জুন, ২০২৪ পর্যন্ত। | • ২৯-০১-২০২৪খ্রি. তারিখে বাণিজ্যিক ইউরিয়া উৎপাদন শুরু হয়েছে।<br>• ০৬-০২-২০২৪খ্রি. হতে ১৬-০২-২০২৪খ্রি. তারিখ পর্যন্ত প্রকল্পের Performance Test এর Steady Operation (min. 90% load) সম্পন্ন হয়েছে।<br>• ১৯-০২-২০২৪ হতে ২৯-০২-২০২৪খ্রি. তারিখ পর্যন্ত প্রকল্পের Performance Test এর Readiness Demonstration (min. 95% load) সম্পন্ন হয়েছে।<br>• ০১-০৩-২০২৪খ্রি. তারিখ হতে প্রকল্পের Performance Test এর PGTR (min. 100% load) শুরু হয়েছে।<br>• সফল Performance Guarantee Test Runs (PGTR) শেষে চুক্তির শর্ত মোতাবেক সাধারণ ঠিকাদার বিসিআইসিকে প্ল্যান্ট বুঝিয়ে দিবে।<br><br>ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি:<br><br>আর্থিক অগ্রগতি: ১১৭২১৯৫.৭৮ লক্ষ টাকা (৭৫.৬২%)<br>বাস্তব অগ্রগতি: ৮২.২৬% | শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি |
| ০৬. | বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে নতুন উদ্যোক্তাদের বরাদ্দ দিতে হবে এবং শিল্প নগরী উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট সংস্থান রাখতে হবে।<br>**(নির্দেশনা নং-৬)**<br>২৪/৮/২০১৪ | • বিসিক শিল্পনগরীতে যারা জমি বরাদ্দ নিয়ে শিল্প স্থাপন করছে না তাদের বরাদ্দ বাতিল করে পুন:বরাদ্দযোগ্য শিল্প প্লটের তালিকা নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। নতুনভাবে বরাদ্দ দেয়ার লক্ষ্যে পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে।<br>• শিল্পনগরীর উন্নয়নকল্পে পর্যাপ্ত বাজেট বরাদ্দের ব্যবস্থা গ্রহণে উদ্যোগ গ্রহণ করা হচ্ছে। | ▪ ২০২৩-২০২৪ অর্থবছরে প্লট বরাদ্দের লক্ষ্যমাত্রা ১৫০টি।<br>▪ ১৩-১০-২০২৩ তারিখ ২১টি শিল্পনগরীতে ১০৯৮টি শিল্পপ্লট বরাদ্দের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে ২১৫টি আবেদন পাওয়া যায়। যেখানে চাহিত প্লটের সংখ্যা ৩২০টি।<br>▪ ফেব্রুয়ারি ২০২৪ এ ১২৫টি প্লট বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>▪ ২০২৩-২০২৪ অর্থবছরে ২১৩টি শিল্পপ্লট বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>▪ বিসিক শিল্পনগরীতে প্লট বরাদ্দ নিয়ে যারা শিল্প স্থাপন করছেন না জেলা প্লট বরাদ্দ কমিটির মাধ্যমে তাদের প্লট বাতিল করে সম্ভাবনাময় উদ্যোক্তাদের অনুকূলে বরাদ্দ দেওয়া হচ্ছে। মার্চ ২০২২ হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বিসিক শিল্পনগরীসমূহে ৯৬টি শিল্পপ্লট এলএসির মাধ্যমে বাতিল করা হয়েছে। যার মধ্যে ০৫টি প্লট পুনঃবরাদ্দ প্রদান করা হয়েছে। অন্যান্য প্লটের আপিল, রিভিউ কার্যক্রম চলমান রয়েছে। | বিসিক |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | দক্ষ জনবল তৈরির লক্ষ্যে যুগোপযোগী প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে, প্রশিক্ষণ কেন্দ্রগুলো রাজধানী কেন্দ্রিক না করে বিকেন্দ্রীকরণ করা, প্রতি বিভাগে ১টি করে ৭টি বিভাগে বিটাকের মহিলা হোস্টেলসহ ৭টি প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করতে হবে।<br><br>**(নির্দেশনা নং-৭)**<br>২৪/৮/২০১৪ | **বিটাক**<br><br>(ক) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের ১০ তলা বিশিষ্ট মোট ৩ টি নারী হোস্টেল স্থাপন "(২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের আওতায় নির্মিত ভবন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন সম্পন্ন হয়েছে।<br>(খ) বিটাক কর্তৃক বাস্তবায়নাধীন "হাতে কলমে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কাযক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (ফেজ-২)" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়।<br><br>প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ: অক্টোবর ২০২০ হতে সেপ্টেম্বর ২০২৫ পর্যন্ত।<br>(গ) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনার প্রেক্ষিতে বিটাক কর্তৃক অক্টোবর, ২০২১ হতে জুন, ২০২২ মেয়াদে মোট ১১৩২৬১.০৫ লক্ষ টাকা ব্যায়ে 'গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর ও যশোর জেলায় বিটাকের ৬ টি কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পটি গত ২৫/০১/২০২২ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অনুমোদিত হয় এবং গত ১৫/০৩/২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারি করা হয়। | **বিসিআইসি:**<br>• দক্ষ জনবল তৈরির লক্ষ্যে সংস্থা এবং সংস্থাধীন কারখানাসমূহে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে বিআইএম, এনএপিডি, আরপিএটিসি, সিপিটিইউ সহ বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বছরব্যাপী বিভিন্ন প্রশিক্ষণ কোর্সে প্রেরণ করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এছাড়া বিভিন্ন বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা রয়েছে।<br>**বিটাক :**<br>(ক) বাংলাদেশ শিল্প কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক) কর্তৃক "বিটাক চট্টগ্রাম, খুলনা ও বগুড়া কেন্দ্রের নারী হোস্টেল স্থাপন " (২য় সংশোধিত) শীর্ষক প্রকল্পটি জুন ২০২২ এ সমাপ্ত হয়েছে। প্রকল্পের আওতায় ৩ টি কেন্দ্রে ১০ তলা বিশিষ্ট মোট ৩টি নারী হোস্টেল ভবনের নির্মাণ সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় নির্মিত বিটাক চট্টগ্রাম কেন্দ্রের নারী হোস্টেল ভবনটি গত ০৪-১২-২০২২ তারিখে এবং বিটাক খুলনা কেন্দ্রের নারী হোস্টেল গত ১৩/১১/২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন সম্পন্ন হয়েছে।<br>(খ) "হাতে কলমে মহিলাদেরকে গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র্য বিমোচন (ফেজ-২)" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।<br>• প্রকল্পের শুরু থেকে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত আর্থিক অগ্রগতি ৩৯.২৪% ও ভৌত অগগ্রতি: ৪৩.৮৮%<br>• প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত মোট ২৪৪৮ জন নারী ও ২০৪৩ জন পুরুষ প্রশিক্ষণার্থীসহ মোট ৪৪৯১ জনকে বিভিন্ন কারিগরি ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>• প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত মোট ১৭৫২ জন নারী ও ১১৯৩ জন পুরুষসহ মোট ২৯৪৫ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।<br>(গ) "গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর ও যশোর জেলায় বিটাকের ৬ টি কেন্দ্র স্থাপন" শীর্ষক প্রকল্প।<br>• প্রকল্পের শুরু হতে ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৯.৮৫% ও ভৌত অগগ্রতি: ২৯.০১%<br>• প্রকল্পের অনুকূলে ইতোমধ্যে গোপালগঞ্জ, সুনামগঞ্জ, ও বরিশালের রংপুর, জামালপুর এবং যশোর কেন্দ্রের নির্ধারিত জমির হস্তান্তর ও দখল বুঝিয়ে পাওয়া গেছে। এছাড়া গোপালগঞ্জ, সুনামগঞ্জ, রংপুর ও বরিশাল কেন্দ্রের জমির নামজারী সম্পন্ন হয়েছে। যশোর কেন্দ্রের জমির অধিগ্রহণ সংক্রান্ত গেজেট প্রকাশিত হওয়ার পর নামজারি সম্পন্ন হবে।<br>• প্রকল্পের আওতায় গোপালগঞ্জ, সুনামগঞ্জ, বরিশাল, রংপুর, জামালপুর ও যশোর কেন্দ্রের পূর্ত কাজ টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন রয়েছে। | বিসিআইসি/ বিটাক/বিআইএম |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **<u>বিআইএম</u>**<br>ঢাকাস্থ বাংলাদেশ ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম) কে শক্তিশালীকরণ' প্রকল্প গ্রহণ করা হয়েছে। মোট প্রকল্প ব্যয় ১৪৭৮৬.০৭ লক্ষ টাকা<br>**বাস্তবায়ন মেয়াদ** : এপ্রিল ২০১৮ হতে জুন ২০২৩ পর্যন্ত।<br><br>**<u>এসএমই ফাউন্ডেশন:</u>**<br>ক্ষুদ্র ও মাঝারি শিল্পের উদ্যোক্তাদেরকে এসএমই সংশ্লিষ্ট বিষয়ে বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ, সহজ শর্তে সিঙ্গেল ডিজিট সুদে ঋণ প্রদানের ব্যবস্থাকরণ, উদ্যোক্তাদের উৎপাদিত পণ্যের প্রচার ও প্রসারে বাজার সংযোগ স্থাপনের লক্ষ্যে মেলা আয়োজন ও অংশগ্রহণ, উদ্যোক্তাদের জন্য বিভিন্ন সেমিনার আয়োজনের মাধ্যমে সচেতনতা সৃষ্টি, এসএমই বিষয়ে গবেষণা প্রণয়ন, অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে পরামর্শ সেবা প্রদানসহ ইত্যাদি বহুমুখী কার্যক্রম পরিচালনা।<br>মেয়াদ: ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত। | **<u>বিআইএম :</u>**<br>**বিআইএম-কে শক্তিশালীকরণ প্রকল্পঃ**<br>• আধুনিক ট্রেনিং কমপ্লেক্স নির্মাণের লক্ষ্যে ২য় তলা বেইজমেন্টসহ মোট ১২ তলা ভবনের পূর্ত কাজ প্রায় শেষ পর্যায়ে রয়েছে।<br>• ডিসেম্বর-২০২৪ পর্যন্ত প্রকল্পের ২য় সংশোধন ও মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ১৪/১১/২০২৩ তারিখে অনুমোদিত এবং ২৭/১১/২০২৩ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়।<br>• প্রকল্পের মোট বরাদ্দঃ ১৫,৫৮৬.১৫ লক্ষ টাকা। এ যাবৎ ব্যয়ঃ ১১,১৬৪.৮৩ লক্ষ টাকা।<br>• ভৌত অবকাঠামো: ৭৮% আর্থিক: ৭১.৬৩%।<br>**বিভাগীয় পর্যায়ে বিআইএম-এর বিকেন্দ্রীকরণঃ**<br>• আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য ইতোমধ্যে ময়মনসিংহ, সিলেট, বরিশাল, রংপুর ও রাজশাহী ৫টি বিভাগে বিআইএম-এর আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের জন্য প্রাথমিক সম্ভাব্যতা যাচাইয়ের কাজ সম্পন্ন হয়েছে।<br>• পরিকল্পনা কমিশন হতে তৃতীয় পক্ষ কর্তৃক সম্ভাব্যতা যাচাই করা বাধ্যবাধকতা রয়েছে। সম্ভাব্যতা যাচাই প্রকল্প প্রস্তাব বর্তমানে অর্থ বিভাগের বিবেচনাধীন রয়েছে।<br>**<u>এসএমই ফাউন্ডেশন:</u>**<br>• উদ্যোক্তা উন্নয়ন ও দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ : ১৩টি; প্রশিক্ষিত উদ্যোক্তা-৩৬৫ জন।<br>• নারী উদ্যোক্তা উন্নয়ন বিষয়ক কর্মসূচি: ০৬টি; মোট অংশগ্রহণকারী ১৮৪ জন।<br>• প্রযুক্তি উন্নয়ন বিষয়ক কর্মসূচি: ০৩টি; মোট অংশগ্রহণকারী ৪০ জন এসএমই উদ্যোক্তা, স্টেকহোল্ডার এবং দুইটি প্রতিষ্ঠান।<br>• আইসিটি বিষয়ক কর্মসূচী ০৪টি; মোট অংশগ্রহণকারী ১২৭ জন<br>• অ্যাডভাইজরি সার্ভিস সেন্টারের মাধ্যমে মোট ৯৫ জন উদ্যোক্তা পরামর্শ সেবা গ্রহণ করেছেন।<br>• ফেব্রুয়ারি ২০২৪ মাসে বিভিন্ন বিষয়ে মোট ১৬টি প্রশিক্ষণের আওতায় ৪৪৭ জন উদ্যোক্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। সার্বিকভাবে ৮৪৩ জন উদ্যোক্তা এবং দুইটি প্রতিষ্ঠান ফাউন্ডেশনের বিভিন্ন কর্মসূচি দ্বারা উপকৃত হয়েছেন। | |

<table>
<tr>
<td>৮.</td>
<td>রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের অব্যবহৃত জমি বন্ধ ও বন্ধ প্রায় শিল্প প্রতিষ্ঠানের জমি দেশি বিদেশী বিনিয়োগের জন্য উপযোগী করে বিনিয়োগের নিমিত্ত শিল্প পার্ক তৈরি করতে হবে।<br><br>(নির্দেশনা নং-৮)<br>২৪/৮/২০১৪</td>
<td>১। কর্ণফুলী পেপার মিলস লি. (কেপিএমএল):<br>• কেপিএমলিঃ কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা যাচাই এর জন্য গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে (QCBS) পরামর্শক প্রতিষ্ঠান WASO Engineers & Consultants (BD) Ltd- এর সাথে গত ০২-০৮-২০২২ তারিখে চুক্তি সম্পাদিত হয়। গত ১১-০৮-২০২২ তারিখ থেকে পরামর্শক প্রতিষ্ঠান কার্যক্রম শুরু করেছে।<br><br>২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি)<br><br>চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) প্রাঙ্গনে বিসিআইসি'র মালিকানায় 'বাংলাদেশ গ্লাস ফ্যাক্টরি স্থাপন ' নামে সম্পূর্ণ নতুন একটি প্রকল্প গ্রহণের উদ্যোগ নেয়া হয়েছে।<br>প্রকল্পের বাস্তবায়ন কাল: জানুয়ারি, ২০১৯ খ্রি. থেকে জুন, ২০২২ পর্যন্ত।</td>
<td>১। কর্ণফুলি পেপার মিলস লি.(কেপিএম):<br>কর্ণফুলী পেপার মিলস লি. এর (কেপিএম) প্রাঙ্গণে আধুনিক প্রযুক্তি সম্পন্ন শক্তি সাশ্রয়ী ও পরিবেশ বান্ধব নিম্নে বর্ণিত প্রস্তাবিত ৫টি ক্লাস্টারের অধীনে ১১টি কারখানা স্থাপনের আর্থ-কারিগরি সম্ভাব্যতা-সমীক্ষা সম্পাদন করা হচ্ছে। আর্থ-কারিগরি সম্ভাব্যতা-সমীক্ষার উপর ভিত্তি করে কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী পরবর্তীতে কোন কোন কারখানা স্থাপন করা হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হবে।<br><br>(ক) Integrated Paper Mill with Forestation<br>(খ) Soda Ash (Na2CO3) with Baking Soda (NaHCO3) Plant.<br>(গ) Sodium Sulphate (Na2SO4) Plant<br>(ঘ) Other Chemical Plant
<table>
<tr><td>i. Caustic Soda (NaOH)</td><td>ii. Detergent with LABSA (Linear Alkyl Benzene Sulphonic Acid)</td><td>iii. Chlorine ($Cl_2$)</td><td>iv. Hydrogen Peroxide ($H_2O_2$)</td></tr>
<tr><td>v. Bleaching Earth {$Al_2 Si_4 O_{10}(OH)_2$}</td><td>vi. Titanium Di-oxide ($TiO_2$)</td><td>vii. ydrochloric Acid (HCl)</td><td>viii. Sulphuric Acid ($H_2SO_4$) etc.</td></tr>
</table>
(ঙ) Synthetic Polyester Fiber Plant.<br>• আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠানের মাধ্যমে আর্থ-কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের নিমিত্ত Expression of Interest (EoI) আহ্বান করে গুণগতমান ও ব্যয়ভিত্তিক নির্বাচন পদ্ধতিতে মূল্যায়নের পর কৃতকার্য প্রতিষ্ঠান WASO Engineers and Consultants (BD) Ltd. এর সাথে গত ০৪-১২-২০২২ তারিখে চুক্তি সম্পাদিত হয়।<br>• পরামর্শক প্রতিষ্ঠান সম্ভাব্যতা সমীক্ষা কার্যক্রম সম্পন্ন করে গত ২৭-০২-২০২৪ তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেছে।<br>• টেকনিক্যাল কমিটি কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন পরীক্ষা নিরীক্ষার কার্যক্রম চলমান রয়েছে।<br>২। চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. (সিসিসি) :<br>চট্টগ্রামের বাড়বকুন্ডে অবস্থিত Chittagong Chemical Complex এর স্থলে নতুন নিম্নোক্ত কারখানা স্থাপনের লক্ষ্যে আর্থ কারিগরি সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে:<br>'Setting up a Chlor-Alkali & Chlorine related basic chemical plant with Poly Vinyl Chloride (PVC), Chlorinated Paraffin Wax (CPW), Activated Bleaching Earth (ABE) Plant, Stable Bleaching Powder (SBP) and safe/efficient management of Chlorine'<br>• Chlor-Alkali & Chlorine Related Basic Chemical কারখানা স্থাপনের লক্ষ্যে কারিগরি ও আর্থিক সম্ভাব্যতা সমীক্ষা যাচাই এর জন্য আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের বিষয়ে গত ১৮-১২-২০২৩খ্রি. তারিখে বিসিআইসি বোর্ড সভায় দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আন্তর্জাতিক পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত পুনরায় দরপত্র আহ্বানের লক্ষ্যে (ক) দাপ্তরিক ব্যয় প্রাক্কলন (official cost estimate) কমিটি; (খ) ইওআই নোটিশ ও আনুষঙ্গিক দলিলাদি প্রণয়ন এবং আরএফপি প্রণয়ন কমিটি (গ) প্রস্তাব মূল্যায়ন কমিটি (পিইসি); এবং (ঘ) প্রস্তাব উন্মুক্তকরণ কমিটি (পিওসি) গঠন করা হয়েছে।<br>• বর্তমানে দাপ্তরিক ব্যয় প্রাক্কলন (official cost estimate) কমিটি কর্তৃক cost estimate এর কাজ সম্পন্ন হয়েছে এবং পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য দৈনিক পত্রিকায় গত ১৩-০২-২০২৪ তারিখে EoI (Expression</td>
<td>সকল দপ্তর/ সংস্থা</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | **৩। খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. (কেএইচবিএমএল):**<br>বাস্তবায়নের মেয়াদ : ৩১-১২-২০২২খ্রি.<br>মোট বরাদ্দ: ৬০০০.০০ লক্ষ<br><br>**৪। ছাতক সিমেন্ট কোম্পানী লি: (সিসিসিএল) .**<br><br>সৌদি আরবের Engineering Dimension International Investment (EDII) কর্তৃক ছাতক সিমেন্ট কোম্পানি লি.(সিসিসিএল) এর জায়গায় একটি সিমেন্ট-ক্লিংকার ফ্যাক্টরি স্থাপনের লক্ষ্যে গত ১৭/১০/২০১৮ তারিখে EDII এর সাথে MoU স্বাক্ষরিত হয় এবং এরই ধারাবাহিকতায় গত ২০/১২/২০১৮ তারিখে EDII এর সাথে Strategic Partnership Agreement স্বাক্ষরিত হয়।<br><br>**৫। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):**<br>• ঢাকা লেদার কো. লি. এর জায়গাটি বিসিআইসি'র নামে নিবন্ধিত নয় বলে পিপিপি মডেলে/যৌথ উদ্যোগে নতুন কারখানা স্থাপনের বিষয়ে উদ্যোক্তারা অনাগ্রহ প্রকাশ করে। এরই ধারাবাহিকতায় শিল্প মন্ত্রণালয় থেকে জেলা প্রশাসক, ঢাকা বরাবর প্রেরিত ০৪-১০-২০১৮ তারিখের পত্রে উল্লিখিত জমি ডিএলসিএল এর অনুকূলে হস্তান্তরের বিষয়ে তাগাদা প্রদান করা হয়েছে। উক্ত জমিতে একটি আধুনিক লেদার ইন্সটিটিউট স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়।<br>**৬। উজ্জালা ম্যাচ ফ্যাক্টরী লি. :**<br><br>• নিমতলী দুর্ঘটনা ও চুড়িহাট্টা দুর্ঘটনার মত ভবিষ্যতে যে কোন দুর্ঘটনা রোধকল্পে পুরাতন ঢাকায় বিদ্যমান সকল রাসায়নিক কারখানা ও গুদাম জুরুরিভিত্তিতে নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/ বিভাগ ও সংস্থা এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। (সময়: ৩০-০৪-২০১৯)<br>• অস্থায়ী ভিত্তিতে রাসায়নিক দ্রব্য সংরক্ষণের জন্য গুদাম নির্মাণ" শীর্ষক প্রকল্পটি গত ৩০-০৪-২০১৯ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নাধীন রয়েছে।<br>**বাস্তবায়ন কাল :** মার্চ ২০১৯ হতে ডিসেম্বর ২০২২<br>**বরাদ্দ:** ৭১৪৪.১৮ লক্ষ টাকা **ব্যয়:** ৫৩৭৯.৫১ লক্ষ টাকা | of Interest) আহ্বান করা হয়েছে।<br>**৩। খুলনা হার্ডবোর্ড মিলস্ লি. (কেএইচবিএমএল):**<br>খুলনা হার্ডবোর্ড মিলস লি. (কেএইচবিএমএল) এর খালি জায়গায় বিসিআইসি'র স্ব-অর্থায়নে ১৫,০০০ মে. টন ধারণ ক্ষমতা সম্পন্ন একটি প্রি-ফেব্রিকেটেড স্টিল স্ট্রাকচার বাফার গোডাউন নির্মাণের লক্ষ্যে ২১-০১-২০২১ তারিখের কার্যাদেশ মোতাবেক মেসার্স সৃজনী উপদেষ্টা লি. কর্তৃক সার্ভে ও প্রিলিমিনারী মাস্টার প্লান, সয়েল টেস্ট এবং Architectural Drawing এর কাজ শেষ হয়েছে। সৃজনী উপদেষ্টা কর্তৃক Structural Drawing প্রস্তুতের কাজ চলমান রয়েছে। উক্ত প্রি -ফেব্রিকেটেড স্টিল স্ট্রাকচার গোডাউন নির্মাণের বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণে সংস্থার উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর একটি নোট প্রেরণ করা হয়েছে। উর্ধ্বতন কর্তৃপক্ষ হতে নির্দেশনা পাওয়ার প্রেক্ষিতে পরবর্তী কার্যক্রম নির্ধারণ করা হবে।<br>**৪। ছাতক সিমেন্ট কোম্পানি লি. (সিসিসিএল) :**<br>• Engineering Dimension International Investment LLC (EDII) এর সাথে গত ২৯-০৬-২০২০ তারিখে জয়েন্ট ভেঞ্চার এগ্রিমেন্ট স্বাক্ষরিত হয়। পরবর্তীতে গত ১৩ মার্চ ২০২৩খ্রি. তারিখে EDII, বিসিআইসি ও শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধিদের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়। যেখানে EDII এর পক্ষ থেকে পুরো SBICCL সম্পর্কে কিছু প্রস্তাব উপস্থাপন করা হয়। প্রস্তাব অনুযায়ী বিসিআইসি কর্তৃক প্রদেয় জমির মূল্য উপযুক্ত পদ্ধতিতে নির্ধারণপূর্বক কোম্পানিতে বিসিআইসির অংশীদারিত্ব পুনঃনির্ধারিত হবে বিষয়ে মতামত জানানো হয়।<br>• গত ২০-০৯-২০২৩ তারিখ SBICCL-এর জন্য LBC (Long Belt Conveyer) স্থাপন সংক্রান্ত করিডোর প্রদান, নির্মাণকালিন ও অপারেশনকালিন পরিচালনা পর্ষদ সংক্রান্ত জটিলতা নিরসনে বিসিআইসি, শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি ও SBICCL-এর পরিচালকবৃন্দের উপস্থিতিতে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সামগ্রিক বিষয়ে EDII কর্তৃপক্ষের সাথে আলোচনা চলমান রয়েছে।<br>**৫। ঢাকা লেদার কো. লি (ডিএলসিএল):**<br>ডিএলসিএল এর ১৮.০০ (আঠারো) একর জায়গায় একটি ওভেন পলিপ্রোপাইলিন (ডব্লিউপিপি) ব্যাগ কারখানা স্থাপনের লক্ষ্যে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।<br><br>এ পরিপ্রেক্ষিতে গত ১২/০৯/২০২৩ তারিখে Expression of Interest (EoI) এবং RFP প্রস্তুতির লক্ষ্যে গঠিত কমিটি প্রতিবেদন দাখিল করেছে। সম্ভাব্যতা সমীক্ষার নিমিত্তে Terms of Reference (ToR) তৈরি করা হয়েছে। কমিটির কার্যক্রম দ্রুততম সময়ে সম্পন্ন করা হবে।<br>• পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য EoI আহবানার্থে EoI Notice গত ২৫/০৯/২০২৩ ও ২৬/০৯/২০২৩ তারিখে দৈনিক পত্রিকায় প্রকাশ করা হয়েছে। এছাড়াও CPTU ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। মোট ০৬ (ছয়)টি EoI প্রস্তাব পাওয়া গেছে।<br>• আগ্রহী ০৬ (ছয়) টি প্রতিষ্ঠানের দাখিলকৃত প্রস্তাবনাসমূহ পিইসি কর্তৃক চূড়ান্ত মূল্যায়ন করে ০৫ (পাঁচ) টি পরামর্শক প্রতিষ্ঠানকে short list করা হয়।<br>• Request For Proposal (RFP) প্রণয়ন করে ১১-০১-২০২৪খ্রি. তারিখে ০৫ (পাঁচ)টি প্রতিষ্ঠানের নিকট RFP প্রদান করা হয়েছে। গত ২০-০২-২০২৪খ্রি. তারিখে ০৫ (পাঁচ) টি পরামর্শক প্রতিষ্ঠানের নিকট থেকে দর প্রস্তাব পাওয়া গেছে। কারিগরি সাব কমিটির মূল্যায়ন কার্যক্রম চলমান আছে।<br>**৬। উজ্জালা ম্যাচ ফ্যাক্টরী লি. :**<br><br>প্রকল্পের নির্মাণ কাজ ডিসেম্বর, ২০২২ তারিখে শেষ হয়েছে। প্রকল্পটি ০৪ জুন ২০২৩ তারিখে উদ্বোধন করা হয়েছে।<br>বাস্তবায়ন অগ্রগতি :<br>আর্থিক অগ্রগতি: ৫৩৭৯.৫১ লক্ষ টাকা (৭৫.৩০%), বাস্তব অগ্রগতি: ১০০% | ( |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৯. | কপি রাইট অফিস এবং পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর একত্রিত করে শিল্প মন্ত্রণালয়ের অধীনে আনতে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সাথে দ্রুত উদ্যোগ নিতে হবে **(নির্দেশনা নং-৯)** ২৪/৮/২০১৪ | • সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন কপি রাইট অফিস এবং শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন পেটেন্ট , ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরকে একীভূত করে সমন্বিত আইপি অফিস প্রতিষ্ঠার লক্ষ্যে মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে ১৯/১০/২০১৫ তারিখে সভা হয়। বিষয়টির ধারাবাহিকতায় অটোমেশনের কার্যক্রমে যুক্ত হওয়ার লক্ষে ডিপিডিটি হতে প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। | **ডিপিডিটি:**<br>• মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয় এর সভাপতিত্বে ০৪-০৮-২০২১ তারিখে অনুষ্ঠিত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br>(ক) একটি সমন্বিত ডিজিটাল প্ল্যাটফর্ম এর মাধ্যমে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং বাংলাদেশ কপিরাইট অফিস সমন্বিতভাবে কার্যক্রম পরিচালনা করবে এবং এক্ষেত্রে পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর এবং কপিরাইট অফিসের কার্যক্রমকে একীভূত করে পৃথক কোন সংস্থা প্রতিষ্ঠার প্রয়োজন পড়বে না এবং নতুন করে আইন প্রণয়নেরও প্রয়োজন পড়বে না।<br>(খ) দু'টি সংস্থার সফটওয়্যার এবং ডেটাবেজ সমন্বয়ের জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কারিগরি সহায়তা প্রদান করবে। ডিপিডিটির সফটওয়্যারে কপিরাইট অফিস থেকে ব্যবহার করা গেলেও কপিরাইট অফিস এখনো প্রস্তুত নয় বিধায় তাদের সফটওয়্যারে ডিপিডিটির অফিস থেকে ব্যবহার করা যাচ্ছেনা।<br>• পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তরের নির্মিতব্য ভবনের জন্য নির্ধারিত জমির বিষয়ে মহামান্য উচ্চ আদালতে মামলা চলমান থাকায় নির্মান কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি। ডিপিডিটির জমির বিষয়ে চলমান মামলা দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে সম্মিলিতভাবে মামলা মোকাবেলার কার্যক্রম চলমান রয়েছে।<br>**এসএমই ফাউন্ডেশন:**<br>এনপিও ভবন বিষয়ক মামলার শুনানী কার্যক্রম গত ০৬ ডিসেম্বর ২০২২ তারিখে সম্পন্ন হয়েছে। মামলাটি রায়ের জন্য অপেক্ষাধীন রয়েছে। | ডিপিডিটি |
| ১০. | শিল্প মন্ত্রণালয়ের দপ্তর/সংস্থায় মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা যেতে পারে। **(নির্দেশনা নং-১০)** ২৪/৮/২০১৪ | **বিএসটিআই :**<br>• শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থবিভাগের অনুমোদনক্রমে বিএসটিআই'র কারিগরী ক্যাটাগরির ১০ম ও ১১তম গ্রেডের (দ্বিতীয় শ্রেণীর) ৩ (তিন)টি পদের যথা:-পরীক্ষক (৬৯টি), ফিল্ড অফিসার (৭৫টি), পরিদর্শক (৭৫টি) সর্বমোট ১১০ জন কর্মকর্তার পদমর্যাদা ও বেতন স্কেল ৯ম গ্রেডে উন্নীত হয়েছে।<br>**বিএবি:**<br>বিএবি'র ৩৬তম বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক অর্থ মন্ত্রণালয়ের সম্মতিক্রমে চলতি ২০১৮-১৯ অর্থবছরের জন্য বিএবিতে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মচারিকে পূর্ববর্তী এক বছর কর্মকালের জন্য একটি মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রণোদনা হিসাবে প্রদানের উদ্যোগ নেয়া হয়েছে।<br>**বিএসএফআইসি:**<br>বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এবং আওতাধীন মিল/প্রতিষ্ঠানে ২০১৫ সাল হতে দীর্ঘমেয়াদী আর্থিক সমস্যার কারণে জনবল নিয়োগ বন্ধ রয়েছে। সংস্থার অধীন মিল/প্রতিষ্ঠানগুলোর বর্তমান আর্থিক সংকট উত্তোরণ হলে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা | **বিএসটিআই :**<br>বিএসটিআইতে মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের অনুমোদনক্রমে কারিগরী ক্যাটাগরির ১০ম ও ১১তম গ্রেডের (দ্বিতীয় শ্রেণীর) ৩ (তিন) টি পদ যথা:-পরীক্ষক-৬৯টি, ফিল্ড অফিসার- ৭৫টি, পরিদর্শক-৭৫টি পদের বেতন স্কেল ৯ম গ্রেডে উন্নীত করা হয়েছে।<br>**বিএবি:**<br>• বিষয়টিতে আর্থিক সংশ্লেষ থাকায় শিল্প মন্ত্রণালয় হতে গত ১৮/০৩/২০১৯ তারিখে অর্থ বিভাগে সম্মতির জন্য পত্র প্রেরণ করে। পরবর্তীতে ১৭/০৪/২০১৯ তারিখে অর্থ বিভাগ থেকে প্রণোদনা প্রদান বিষয়ক কিছু তথ্য চাওয়া হয়।<br>• গত ২২/০১/২০২০ তারিখে অর্থ মন্ত্রণালয় কর্তৃক চাহিত বিস্তারিত তথ্যাদি শিল্প মন্ত্রণালয় কর্তৃক অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। সে পরিপ্রেক্ষিতে অর্থ বিভাগ কর্তৃক গত ১৯/০৩/২০২০ তারিখের ৩৮ নং স্মারকের মাধ্যমে এ বিষয়ে অসম্মতি জ্ঞাপন করা হয়।<br>• বিষয়টি পুনর্বিবেচনার জন্য যৌক্তিকতাসহ পুনরায় প্রস্তাব প্রেরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>**বিটাক:**<br>• বিটাকের মেধাবী কর্মকর্তাদের নিয়োজিত রাখার উদ্দেশ্যে বিদ্যমান বেতন কাঠামোর তুলনায় একধাপ উন্নীতকরণের উদ্যোগ নেয়া হয়েছে। তৎপ্রেক্ষিতে বিটাকের বিদ্যমান বেতন স্কেল আপগ্রেডের বিষয়টি ইতোমধ্যে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>• বিটাকে কর্মকর্তা/কর্মচারীদেরকে কাজে উৎসাহ প্রদানের জন্য নিজস্ব আয় হতে প্রতি বছর মূল বেতনের সমপরিমাণ অতিরিক্ত ২টি প্রণোদনা ভাতা প্রদানের প্রস্তাব করা হয়।<br>**ডিপিডিটি:**<br>সিদ্ধান্ত ও নির্দেশনা মোতাবেক কর্মপরিকল্পনা ও প্রস্তাবনা শিল্প মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করা হলে সংশ্লিষ্ট শাখা হতে জানানো হয়েছে যে, ডিপিডিটিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ দৈনন্দিন রুটিন দায়িত্ব পালন করে থাকেন। রুটিন দায়িত্ব পালনের ক্ষেত্রে অর্থনৈতিক প্রণোদনা প্রদানের কোন সুযোগ নেই। | সকল দপ্তর/ সংস্থা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | হিসেবে প্রদানের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। | **বিএসএফআইসি:**<br>সংস্থার অধীন মিল/প্রতিষ্ঠানসমূহের বর্তমান আর্থিক অসচ্ছলতার কারণে আপাতত পৃথক বেতন কাঠামোর উদ্যোগ গ্রহণ এবং আয়ের একটি অংশ কর্মকর্তা/কর্মচারীদের প্রণোদনা হিসেবে প্রদান করা সম্ভব হচ্ছে না। | ( |
| ১১. | শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারের রপ্তানি বৃদ্ধি নিশ্চিত করার জন্য গবেষণা ও উন্নয়ন এবং বাজারজাতকরণে গুরুত্ব দিতে হবে।<br><br>**(নির্দেশনা নং-১১)**<br>২৪/৮/২০১৪ | **বিসিক:**<br>শিল্প পণ্যের আন্তর্জাতিক বাজারে রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে নিয়মিত দেশি ও বিদেশি মেলার আয়োজন ও অংশগ্রহণ এবং ক্রেতা-বিক্রেতা সম্মেলন আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>**বিএসইসি:**<br>সুনির্দিষ্ট মার্কেটিং কৌশলপত্র প্রণয়ন কার্যক্রম চলমান।<br><br>**এসএমই ফাউন্ডেশন :**<br>• জাতীয় এসএমই পণ্য মেলা আয়োজন প্রক্রিয়া চলমান রয়েছে।<br>• আঞ্চলিক এসএমই পণ্য মেলা আয়োজন প্রক্রিয়া চলমান রয়েছে।<br>• SME Export & Internationalization (Jute, Leather, Handicrafts & Agro-Processing Sector) বিষয়ক কর্মসূচি আয়োজন প্রক্রিয়া চলমান রয়েছে।<br>মেয়াদ: ০১ জুলাই ২০২৩ হতে ৩০ জুন ২০২৪ পর্যন্ত। | **বিসিক:**<br>■ ২৯ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত বাইরে আয়োজিত ১৬টি বিভিন্ন মেলা ও প্রদর্শনীতে পণ্যের শুল্কমুক্ত প্রবেশের লক্ষ্যে ১৩ জন উদ্যোক্তাকে সুপারিশ করা হয়।<br>■ ২০২২-২৩ অর্থবছরে বিসিকের নিজস্ব অর্থায়নে মোট ৩২টি মেলা আয়োজিত হয়েছে।<br>■ ২০২৩-২০২৪ অর্থবছরে বিসিকের নিজস্ব অর্থায়নে মোট ৩২টি মেলা আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। ২৯ ফেব্রুয়ারি ২০২৪ পর্যন্ত মোট ১৫টি মেলা অনুষ্ঠিত হয়েছে এবং ২০২৪ সালের ফেব্রুয়ারি-মার্চ মাসে আরও ০৮টি মেলা বিসিকের জেলা কার্যালয়সমূহে আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে।<br>■ কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্প উদ্যোক্তাদের ডিজিটাল মাধ্যমে পণ্য ক্রয়-বিক্রয় ও বাজারজাতকরণে সহায়তা প্রদানের লক্ষ্যে "বিসিক অনলাইন মার্কেট" (www.bscic-emarket.gov.bd) তৈরি করা হয়েছে এবং একশপ, এটুআই এর উদ্যোগে প্লাটফর্মটি পরিচালিত হচ্ছে। প্লাটফর্মটিতে উদ্যোক্তা রেজিস্ট্রেশন কার্যক্রম চলমান রয়েছে।<br>**বিএসইসি :**<br>১। গত ৪ জুলাই ২০২২ তারিখে ইস্টার্ন কেবলস লিমিটেড এর সাথে চীনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান চায়না ন্যাশনাল টেকনিক্যাল ইমপোর্ট এন্ড এক্সপোর্ট কপোরেশন (সিএনটিআইসি) এর ৪২ লক্ষ মার্কিন ডলারের পণ্য রপ্তানির জন্য চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তির অনুকূলে ১০.৫০ লক্ষ মার্কিন ডলারের পণ্য গত ২১-১২-২০২২ তারিখে রপ্তানি করা হয়েছে। এছাড়া সিএনটিআইসি হতে ১০.৫০ লক্ষ মার্কিন ডলারের অর্ডার পাওয়া গেছে। আমদানিকারক প্রতিষ্ঠান কর্তৃক এলসি খোলা হয়েছে। মালামালের পিএসআই সম্পন্ন হয়েছে এবং ৫.২৫ লক্ষ মার্কিন ডলারের পণ্য গত ৩১-১২-২০২৩ তারিখে রপ্তানি করা হয়েছে।<br>২। বিএসইসি'র বিভিন্ন কার্যক্রম প্রচারের নিমিত্ত বিভিন্ন সময় বিভিন্ন স্থানে অনুষ্ঠিত মেলায় অংশগ্রহণ করা হচ্ছে। এছাড়া বিএসইসি'র উৎপাদিত পণ্যের প্রচারের জন্য বিভিন্ন জাতীয় দৈনিক, টিভি চ্যানেল, সোস্যাল মিডিয়াসহ বিএসইসি'র ওয়েবসাইটের মাধ্যমে প্রচার কার্যক্রম চলমান রয়েছে।<br>**এসএমই ফাউন্ডেশন :**<br>• Awarness program regarding 11th National SME Product Fair 2023- ১টি, ২২ জানুয়ারি ২০২৪ ঢাকা; অংশগ্রহণকারী- ৩২ জন এসএমই উদ্যোক্তা। | শিল্প মন্ত্রণালয়/ বিসিআইসি/ বিসিক/ বিএসইসি/ বিএসএফআইসি |

<table>
<tr>
<td>১২.</td>
<td>দেশে বিদ্যমান চিনিকলসমূহে যাতে আখের পাশাপাশি সুগার বিট ব্যবহার করে চিনি উৎপাদন করা যায়, উহার লক্ষ্যে ডুয়েল সিস্টেম মেশিনারি রাখা।<br><br>(নির্দেশনা নং-১২)<br>২০/৭/২০১৪</td>
<td>"ঠাকুরগাঁও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির উপর ০৯-১২-২০২০ ও ১৪-১২-২০২০ তারিখে পিইসি সভা হয়। সভায় আলোচ্য প্রকল্প দ্রুত সমাপ্ত করে ঠাকুরগাঁও চিনিকলকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষার (Feasibility study) করণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(প্রাক্কলিত ব্যয়: ১২৫০.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: এপ্রিল ২০২২ - জুন ২০২৩ পর্যন্ত)</td>
<td><u>প্রকল্পের বর্তমান অবস্থা :</u><br>• উক্ত সিদ্ধান্তের আলোকে 'ঠাকুরগাঁও চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমুখীকরণ ও বিট সুগার প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' (প্রাক্কলিত ব্যয়: ১২৫০.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: মে, ২০২৩ - জুন ২০২৪ পর্যন্ত) প্রকল্প প্রস্তাব করা হয়।<br>• ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়।<br>• পরবর্তীতে পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য প্রেরণ করা হলে অর্থ মন্ত্রণালয় অসম্মতি জ্ঞাপন করে। প্রকল্পটি বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা থাকায় প্রকল্পটি ২০২৩-২৪ অর্থ বছরের আরএডিপি'তে অন্তর্ভূক্তির জন্য প্রস্তাব করা হলে তা অনুমোদিত হয়েছে। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগের সম্মতির জন্য পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি অনুমোদিত হলে সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility study) দ্রুত সম্পন্ন করা হবে।</td>
<td>বিএসএফআইসি</td>
</tr>
<tr>
<td>১৩.</td>
<td>শিল্প মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থার শূন্য পদে জনবল নিয়োগ।<br><br>(নির্দেশনা নং-১৩)<br>১২/৪/২০০৯</td>
<td><u>বিসিআইসি</u> :<br>
<table>
<tr><th>অনুমোদিত পদ</th><th>পুরণকৃত পদ</th><th>মোট শূন্য পদ</th></tr>
<tr><td>১২২৫৪</td><td>১০৫২৭</td><td>১৭২৭</td></tr>
</table>
• পদোন্নতিযোগ্য শূন্য পদ-৯৩৯ জন এবং সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদে-৭৮৮ টি;<br><br>• বিসিআইসি জনবলের শূন্যপদের সংখ্যা নির্ধারণ ও নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।<br><br>
<u>বিসিক</u> :<br>
<table>
<tr><th>অনুমোদিত পদ</th><th>পুরণকৃত পদ</th><th>মোট শূন্য পদ</th></tr>
<tr><td>২৪২১</td><td>১৪৮৯</td><td>৯৩২</td></tr>
</table>
• বিসিকের জনবলের শূন্যপদের সংখ্যা নির্ধারণ ও নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে।</td>
<td><u>বিসিআইসি:</u><br>শূন্যপদ পূরণে গৃহীত কার্যক্রম ও ফলপ্রসূ উল্লেখযোগ্য কাজ :<br><br>সরাসরি নিয়োগযোগ্য পদের সংখ্যা (২৯ ফেব্রুয়ারি, ২০২৪ পর্যন্ত ৯ম গ্রেড ১৪জন এবং ১০ম গ্রেড ৫৫জন)= ৬৯জন+কর্মচারী ও শ্রমিক ৭১৯জন = ৭৮৮ জন।<br>(১) ৬২ জন সহকারী শিক্ষক, মান-২ নিয়োগের গৃহীত কার্যক্রম:<br>১১ তম গ্রেডে ৬২ (বাষট্টি) জন শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান।<br>(২) ৪৬ জন প্রভাষক/ প্রদর্শক/ শারীরিক শিক্ষক নিয়োগ কার্যক্রম:<br>৯ম ও ১০ম গ্রেডে নন-টেকনিক্যাল-৪৬ (ছিচল্লিশ) জনের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের পর ২৯/০৬/২০২৩ তারিখে অনলাইনে আবেদন গ্রহণ শেষ হয়েছে। লিখিত পরীক্ষা গ্রহণের কার্যক্রম চলমান।<br>(৩) কর্মচারী ও শ্রমিক নিয়োগের গৃহীত কার্যক্রম:<br>স্থায়ী কর্মচারী ও শ্রমিক (১৪০৩+২৮৯০)= ৪২৯৩ জন ও দৈনিক ভিত্তিক (No work no pay) এবং আনসার আউট সোর্সিং এর মাধ্যমে মোট ৪১২৫ জন (৪২৯৩+৪১২৫)= ৮৪১৮ জন নিয়োজিত আছে। মঞ্জুরিকৃত পদ সংখ্যা কর্মচারী ও শ্রমিক (৪২০২+ ৪৯৩৫)= ৯১৩৭ জন। খালি পদের সংখ্যা (৯১৩৭- ৮৪১৮)= ৭১৯ জন।<br><u>বিসিক :</u><br>• পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য প্রকৃত শূন্যপদ ২২৩টি ও অপূরণযোগ্য শূন্যপদ ০৮টি (অস্থায়ী পদোন্- তিযোগ্য শূন্যপদ) মোট পদোন্নতিযোগ্য শূন্যপদ (২২৩+০৮) = ২৩১টি<br>• সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য প্রকৃত শূন্যপদ ৫৫৬টি ও অপূরণযোগ্য শূন্যপদ ১৪৫টি (১০% সংরক্ষণ)। মোট সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদ (৫৫৬+১৪৫) =৭০১টি<br>• মোট শূন্যপদ ৯৩২টি। এর মধ্যে প্রকৃত পূরণযোগ্য শূন্যপদ ৭৭৯টি (৫৫৬টি সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণযোগ্য ও ২২৩টি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য) এবং অপূরণযোগ্য শূন্যপদ ১৫৩টি (১০% সংরক্ষণ হিসেবে ১৪৫টি ও অস্থায়ী পদোন্নতিযোগ্য শূন্যপদ ০৮টি)।</td>
<td>শিল্প মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থা</td>
</tr>
</table>

**বিটাক:**

| অনুমোদিত পদ | পুরণকৃত পদ | মোট শূন্য পদ |
|---|---|---|
| ৬৭৯ | ৪৮৭ | ১৯২ |

**ডিপিডিটি :**

| অনুমোদিত পদ | পুরণকৃত পদ | মোট শূন্য পদ |
|---|---|---|
| ১১২ | ৮১ | ৩১ |

**বিএসএফআইসি:**

সংস্থার উন্নয়নমূলক ও প্রশাসনিক কার্যক্রম দ্রুততার সাথে এবং যথাযথভাবে সম্পাদনের স্বার্থে শূন্যপদসমূহ প্রয়োজন হলেও ২০১৫ সাল হতে দীর্ঘমেয়াদী আর্থিক সমস্যার কারণে জনবল নিয়োগ আপাতত বন্ধ রয়েছে।

**ক) সরাসরি নিয়োগযোগ্য ৫৫৬টি শূন্যপদ পূরণে গৃহীত কার্যক্রম :**

| ক্র | বিবরণ | পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষা গ্রহণ করা হয়েছে। | ৪৬ টি | |
| ২. | আউটসোর্সিং নীতিমালায় সেবা ক্রয় করা হয়েছে | ৮২ টি | |
| ৩. | আউটসোর্সিং নীতিমালায় সেবা ক্রয় করা হবে। | ১৯ টি | |
| ৪. | গাড়ীচালক পদের ১৩টি শূন্যপদ পূরণের ছাড়পত্র | ১৩ টি | |
| | **উপমোট (নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে) =** | **১৬০ টি** | |
| ৫. | আউটসোর্সিং নীতিমালায় সেবা ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। | ১২২ টি | |
| ৬. | সম্প্রতি শূন্য হওয়া পদে নিয়োগের লক্ষ্যে ছাড়পত্রের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে। | ২৭৪ টি | |
| | **উপমোট (ছাড়পত্রের জন্য প্রস্তাব প্রেরণ করা হবে) =** | **৩৯৬ টি** | |
| | **সরাসরি নিয়োগযোগ্য মোট শূন্যপদ =** | **৫৫৬টি** | |

**** পদোন্নতিযোগ্য ২২৩টি শূন্যপদ যোগ্য প্রার্থীপ্রাপ্তি সাপেক্ষে পূরণ করার লক্ষ্যে কার্যক্রম চলমান রয়েছে।**

**বিটাক :**

- রাজস্ব খাতে অস্থায়ীভাবে ০৮ (আট) টি পদ সৃজনের মঞ্জুরী জ্ঞাপন করা হয়েছে। সে অনুযায়ী বর্তমানে বিটাক-এর মঞ্জুরীকৃত পদ সংখ্যা ৬৭৯ এবং শূন্য পদের সংখ্যা ১৯২টি।
- ১৯২টি শূন্য পদের মধ্যে ১৯টি সরাসরি নিয়োগযোগ্য পদ এবং ১২৮টি পদ পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। এছাড়া, ১০% সংরক্ষণ ১৩টি এবং আউটসোর্সিং এর মাধ্যমে পুরণযোগ্য পদ ৩২টি। বিটাকের প্রবিধানমালা সংশোধনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে এবং বিটাকের কর্মকর্তা ও কর্মচারীদের নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে।

**ডিপিডিটি :**

- পদোন্নতিযোগ্য শূন্য পদ ০৯টি এবং সরাসরি নিয়োগযোগ্য শূন্য পদ ২২টি;
- ১ম শ্রেণির ১৩টি পদ পূরণের জন্য শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বিপিএসসিতে চাহিদাপত্র করা হলে সহকারী পরিচালক এর পদোন্নতিযোগ্য ৩টি শূন্যপদের ১টি তে লাইব্রেরিয়ান পদে থেকে পদোন্নতি প্রদান করা হয়েছে। উচ্চমান সহকারীর ০৩টি এবং প্রধান সহকারীর ০১টি পদ শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান রয়েছে।
- ৩য় ও ৪র্থ শ্রেণীর ছাড়পত্র প্রাপ্ত ০৮ ক্যাটাগরিতে ২৪টি শূন্য পদের মধ্যে ৩য় শ্রেণীর ১৬টি শূন্যপদে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ৪র্থ শ্রেণীর ৮টি পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

**বিএসটিআই :**

| অনুমোদিত পদ | পুরণকৃত পদ | মোট শূন্য পদ |
|---|---|---|
| ৮৩২ | ৫০৪ | ৩২৮ |

- বিএসটিআই'র শূন্যপদ পূরণের বিষয়টি চলমান।

**বিএবি:**

| অনুমোদিত পদ | পুরণকৃত পদ | মোট শূন্য পদ |
|---|---|---|
| ৩৭ | ১৪ | ২৩ |

- পদোন্নতিযোগ্য শূন্য পদ-৯টি;

**বিআইএম:**

| অনুমোদিত পদ | পুরণকৃত পদ | মোট শূন্য পদ |
|---|---|---|
| ১৬০ | ৯৬ | ৬৪ |

- মোট কর্মরত পদ সংখ্যা-৯৬টি এর মধ্যে কর্মকর্তা-৩৩ জন এবং কর্মচারী-৬৩ জন।
- মোট শূন্য পদ ৬৪টি এর মধ্যে কর্মকর্তা-৩০টি এবং কর্মচারী-৩৪টি পদ।

**বিএসইসি :**

| অনুমোদিত পদ | পুরণকৃত পদ | মোট শূন্য পদ |
|---|---|---|
| ১,২৫৪ | ৬২৬ | ৬২৮ |

- কর্মকর্তা/কর্মচারী নিয়োগ ও পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে।

**বিএসটিআই :**

- বিএসটিআই'র শূন্যপদে জনবল নিয়োগ ও পদোন্নতির মাধ্যমে পূরণের কার্যক্রম চলমান। ইতোমধ্যে বিভিন্ন গ্রেড ও ক্যাটাগরির ১১৬জন কর্মকর্তা/কর্মচারীকে নিয়োগ প্রদান করা হয়েছে।
- ৯ম, ১০ম, ১৩তম, ১৬তম এবং ২০তম গ্রেডের ১০১টি পদে কর্মকর্তা-কর্মচারী নিয়োগের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে ১৩তম, ১৬তম এবং ২০তম গ্রেডের ৪২টি পদে নিয়োগপত্র ইস্যু করা হলে তারা স্ব স্ব পদে যোগদান করেছেন। তাছাড়া ৯ম ও ১০ম গ্রেডের পদে নিয়োগ কার্যক্রম চলমান রয়েছে।

**বিএবি:**

বিএবি'র শূন্যপদে জনবল নিয়োগের জন্য গত ০১ ডিসেম্বর ২০২৩ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। ইতোমধ্যে লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া নবসৃজিত ১৭ টি পদের নিয়োগ বিধিমালা সংশোধনের বিষয়টি প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সভায় উপস্থাপনের জন্য প্রক্রিয়াধীন রয়েছে।

**বিআইএম:**

- ২০২১-২২ অর্থবছরে ২৭ জন কর্মচারী নিয়োগ প্রদান করা হয়। যার মধ্যে ২১ জন কর্মচারী যোগদান করেন।
- ২০২২-২৩ অর্থবছরে ৮ জন কর্মকর্তা নিয়োগ প্রদান করা হয়।
- এছাড়াও ৬৪টি শূন্য পদের মধ্যে ২৬টি পদ পদোন্নতি যোগ্য ও ৪টি পদ সংরক্ষিত। ২০টি পদে পর্যাপ্ত আবেদন না পাওয়ায় নতুন ৪টি শূন্যপদসহ মোট ২৪টি পদের নিয়োগ বিজ্ঞপ্তি ০৯/০১/২০২৩ তারিখে পুনরায় প্রকাশিত হয়েছে। বর্তমানে যাচাই-বাছাই কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। জুন-২০২৪ এর মধ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন হবে।

**বিএসইসি :**

ক) কর্মকর্তা নিয়োগ:

বিএসইসি প্রধান কার্যালয় ও এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহে সাম্প্রতিক সময়ে সরাসরি নিয়োগযোগ্য শূন্যপদের বিপরীতে অগ্রাধিকার ভিত্তিতে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়। মহাব্যবস্থাপক/সমমান পদে এবং চিকিৎসা কর্মকর্তাসহ মোট ১৪টি (মহাব্যবস্থাপক/সমমান-১০, উপ-প্রধান চিকিৎসা কর্মকর্তা-১, চিকিৎসা কর্মকর্তা-২ এবং সহকারী চিকিৎসা কর্মকর্তা-১) পদে নিয়োগ প্রক্রিয়ার আবেদনপত্র গ্রহণ করা হয়েছে। বিএসইসি'র বোর্ড কর্তৃক "নিয়োগ ও পদোন্নতি বাছাই কমিটি" পুনর্গঠনপূর্বক আবেদনপত্রসমূহ পরবর্তী বাছাই কার্যক্রম শুরু হবে।

খ) কর্মচারী নিয়োগ:

বিএসইসি প্রধান কার্যালয়ের অনুমোদিত সাংগঠনিক কাঠামোর শূন্যপদসমূহের বিপরীতে ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগের লক্ষ্যে বিএসইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০২৩ চূড়ান্তকরণের কার্যক্রম চলমান।

গ) পদোন্নতি:

বিএসইসি প্রধান কার্যালয় ও এর নিয়ন্ত্রণাধীন শিল্প প্রতিষ্ঠানসমূহের সাংগঠনিক কাঠামোর অনুমোদিত শূন্য পদে যারা পদোন্নতির যোগ্যতা অর্জন করেছেন তাদের পদোন্নতির কার্যক্রম চলমান রয়েছে।

২। i) সাংগঠনিক কাঠামো সংক্রান্তঃ

বিএসইসি'র সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণের কার্যক্রম চলমান রয়েছে।

ii) প্রবিধানমালা সংক্রান্তঃ

বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৮৯ সংশোধনপূর্বক বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল করপোরেশন কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০২১ চূড়ান্তকরণ এবং পরবর্তীতে সাংগঠনিক কাঠামোর সাথে হালনাগাদকৃত বিএসইসি কর্মচারী চাকুরী প্রবিধানমালা-২০২৩ এর কার্যক্রম চলমান রয়েছে।

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>
<u>এনপিও :</u>
<table>
<tr><td>অনুমোদিত পদ</td><td>পুরণকৃত পদ</td><td>মোট শূন্য পদ</td></tr>
<tr><td>৯৯</td><td>৪১</td><td>৫৮</td></tr>
</table>
<u>প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় :</u>
<table>
<tr><td>অনুমোদিত পদ</td><td>পুরণকৃত পদ</td><td>মোট শূন্য পদ</td></tr>
<tr><td>১৪৬</td><td>১০১</td><td>৪৫</td></tr>
</table>
<u>এসএমই ফাউন্ডেশন :</u>
<table>
<tr><td>অনুমোদিত পদ</td><td>পুরণকৃত পদ</td><td>মোট শূন্য পদ</td></tr>
<tr><td>১৫৩</td><td>৭৪</td><td>৭৯</td></tr>
</table>
</td>
<td>
<u>এনপিও :</u>
<ul>
<li>৬ষ্ঠ গ্রেডে ০৩টি পদ শূন্য আছে। পদ ৩টি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য।</li>
<li>বর্তমানে ৯ম গ্রেডের ২টি পদ শূন্য। সরাসরি নিয়োগযোগ্য উক্ত পদ ২টি পূরণের কার্যক্রম চলমান আছে।</li>
<li>১১-২০তম গ্রেডের মোট ২০টি পদের মধ্যে ১৫টি শূন্য পদ পুরণের নিয়োগ প্রক্রিয়া চলছে।</li>
<li>১১-২০তম গ্রেডের ৫ জন কর্মচারীর অবসর জনিত কারণে পদ ৫টি শূন্য হয়। এর মধ্যে ১৪তম গ্রেডের উচ্চমান সহকারীর ০১টি পদ শুণ্য। পদটি পদোন্নতির মাধ্যমে পূরণযোগ্য। ২০তম গ্রেডের ০৪ টি পদের মধ্যে ০২টি পদ সরাসরি পূরণযোগ্য এবং নিরাপত্তা প্রহরীর ০২টি পদ আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগযোগ্য। শূন্যপদ পূরণের কার্যক্রম চলমান আছে।</li>
<li>অবশিষ্ট ৩৩ টি শূন্য পদ নতুন নিয়োগবিধি চুড়ান্ত হওয়ার পর নিয়োগ দেয়া হবে।</li>
</ul>
<u>প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় :</u>
<ul>
<li>“বয়লার পরিদর্শক” (গ্রেড-৯) এর ৫টি শূন্য পদ পূরণের নিমিত্তে বাংলাদেশ সরকারি কর্মকমিশন কর্তৃক গত ২৯/১১/২০২২ তারিখ বিজ্ঞপ্তি জারি করা হয়েছে এবং গত ০৬/০৮/২০২৩ তারিখ লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।</li>
<li>গ্রেড-৯ এর আরও ৩টি শূন্য পদে নিয়োগের নিমিত্ত গত ২৭/০২/২০২৩ তারিখ বাংলাদেশ সরকারি কর্মকমিশনে পত্র প্রেরণ করা হয়েছে।</li>
<li>গত ৩১/০৩/২০২৩ তারিখ ১২ টি শূন্য পদের জন্য ০২ টি দৈনিক পত্রিকায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে এবং ব্যক্তিগত সহকারী (গ্রেড-১৪) এর ১টি শূন্য পদ পদোন্নতির মাধ্যমে পূরণের কার্যক্রম চলমান রয়েছে।</li>
</ul>
</td>
<td></td>
</tr>
<tr>
<td>১৪.</td>
<td>সরকারি অফিস/সংস্থায় সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তুতকৃত পণ্য সামগ্রী যথা- জীপগাড়ি, ট্রান্সফরমার, ক্যাবল ও ট্রাক্টর ব্যবহার।<br><br>(নির্দেশনা নং-১৪)<br>১২/৪/২০০৯</td>
<td>
<u>বিএসইসি :</u><br>
বিএসইসি’র শিল্প কারখানা কর্তৃক উৎপাদিত টিউবলাইট, এনার্জি সেভিং ল্যাম্প (সিএফএল), বৈদ্যুতিক ট্রান্সফরমার, বিভিন্ন সাইজের ক্যাবলস ও কপার ওয়্যারস, মিৎসুবিসি পাজেরো কিউএক্স জীপ, ডাবল কেবিন পিক-আপ ইত্যাদি ব্যবহারের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা উল্লেখ করে বিভিন্ন সংস্থা/সরকারি দপ্তরে সরাসরি এবং পত্রযোগে অনুরোধ জ্ঞাপন করা হচ্ছে।<br>
<u>বিএসএফআইসি :</u>
<ul>
<li>আখ উৎপাদনে ব্যবহৃত সার বিএডিসি এবং বিসিআইসি থেকে ক্রয় করে চাষিদের মধ্যে বিতরণ করা হয়।</li>
<li>চিনিকলে রক্ষণাবেক্ষণ ও মেরামত কাজে ব্যবহৃত দেশের অভ্যন্তরে প্রাপ্ত যন্ত্রপাতি ও যন্ত্রাংশসমূহ সরকারের নিয়ন্ত্রণাধীন প্রতিষ্ঠান রেণউইক যজ্ঞেশ্বর অ্যান্ড কোং (বিডি) লি., বিটাক (ঢাকা, খুলনা) ও খুলনা শিপইয়ার্ড থেকে তৈরি/মেরামত করা হয়।</li>
<li>নতুন গাড়ি ক্রয়ের ক্ষেত্রে প্রগতি ইন্ডাস্ট্রিজ লি. থেকে গাড়ি ক্রয়ের নির্দেশনা দেয়া আছে এবং সে অনুযায়ী কার্যক্রম গ্রহণ করা হয়।</li>
</ul>
</td>
<td>
<u>বিএসইসি :</u>
<ul>
<li>বিএসইসি’র অধীন শিল্প প্রতিষ্ঠান জেনারেল ইলেকট্রিক ম্যানুফ্যাকচারিং লিমিটেড (জিইএমকো) ও নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি (নেসকো) এর মধ্যে ৮২৫টি ২৫০ কেভিএ ডিস্ট্রিবিউশন ট্রান্সফরমার এর বিক্রয় চুক্তি বিএসইসি’র সভাকক্ষে ১৮-০৭-২০২২ তারিখে স্বাক্ষরিত হয়। ইতোমধ্যে চুক্তির অনুকূলে ৬০৫টি ট্রান্সফরমার সরবরাহ করা হয়েছে।</li>
<li>বিএসইসি’র অধীনস্থ শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদিত পণ্য ব্যবহার সংক্রান্ত বিষয়ে বিভিন্ন ক্রেতা প্রতিষ্ঠান (ডেসা, ডেসকো, বিআরইবি, বিপিডিবি, ওয়েস্ট জোন পাওয়ার কোম্পানি, ওয়াসা, গ্যাস কোম্পানি ইত্যাদি) এর সাথে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে।</li>
</ul>
<u>বিএসএফআইসি :</u><br>
বিএসএফআইসি’র নিয়ন্ত্রণাধীন চিনিকলসমূহকে সরকারি মালিকানাধীন বিভিন্ন শিল্প প্রতিষ্ঠান হতে মালামাল ক্রয় করার নির্দেশনা দেয়া আছে।<br>
<u>বিটাক:</u><br>
নির্দেশ অনুসারে সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান-এর প্রস্তুতকৃত পণ্য সামগ্রী বিটাক ক্রয় করছে।
</td>
<td>শিল্প মন্ত্রণালয়/ বিএসইসি ও অন্যান্য দপ্তর/ সংস্থা</td>
</tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫. | কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই এর মান নিয়ন্ত্রণ।<br><br>**(নির্দেশনা নং-১৮)**<br>১২/৪/২০০৯ | কৃষিজাত পণ্য প্রক্রিয়াকরণে বিএসটিআই'র মান নিয়ন্ত্রণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। | ◻ **কৃষি ও খাদ্যজাত পণ্যের মান নিয়ন্ত্রণে গৃহিত কার্যক্রম:**<br><br>বিএসটিআই কৃষি ও খাদ্যজাত প্রসেস ফুডের মান নিয়ন্ত্রণ কার্যক্রমের সাথে প্রত্যক্ষভাবে সংশ্লিষ্ট। সরকার সময়ে সময়ে এস.আর.ও জারির মাধ্যমে অদ্যাবধি ২৭৩টি পণ্যকে বাধ্যতামূলক মান সনদের আওতাভুক্ত ঘোষণা করেছে। বাধ্যতামূলক মান সনদের আওতাভুক্ত এসকল পণ্য বিএসটিআ 'র লাইসেন্স ব্যতীত বিক্রি-বিতরণ বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন আইন, ২০১৮ অনুযায়ী দন্ডনীয় অপরাধ। এসকল পণ্যের মধ্যে ১০১ টি কৃষি ও খাদ্যজাত পণ্য যথা: শিশুখাদ্য (ইনফ্যান্ট ফর্মুলা, ফলোআপ ফর্মুলা, প্রসেস সিরিয়াল বেইজড ফুড), পাস্তুরিত তরল দুধ, ইউএসটি মিল্ক, নিত্য প্রয়োজনীয় খাদ্য পণ্য তথা আটা আটা, ময়দা, চিনি, বাটার ওয়েল, ঘি, বাটার, কনডেন্সড মিল্ক, হানি, চকোলেট, আইসক্রিম, চানাচুর, কেক ইত্যাদি উল্লেখযোগ্য। উক্ত কার্যক্রমের আওতায় গত ফেব্রুয়ারি ২০২৪ মাসে বিএসটিআই গৃহীত কার্যক্রমের বিবরণ নিম্নরূপ:<br>• কৃষি ও খাদ্যজাত পণ্যের উৎপাদনকারী, বিক্রয়কারী ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার সংখ্যা: ৬৭টি।<br>• কৃষি ও খাদ্যজাত পণ্যের উৎপাদনকারী, বিক্রয়কারী ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়েরের সংখ্যা: ৬৮টি।<br>• কৃষিজাত ও খাদ্যজাত পণ্যের উৎপাদনকারী, বিক্রয়কারী ও বাজারজাতকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে জরিমানা আদায়ের পরিমাণ: মোট ২২.২৫ লক্ষ টাকা।<br>• কারখানা সীলগালা-০০টি, বিভিন্ন মেয়াদে কারাদন্ড প্রদান-০১ জন।<br>◻ মানসম্মত পণ্য উৎপাদন ও সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে সকল উৎপাদক ও সরবরাহকারী প্রতিষ্ঠানকে সতর্ক করার লক্ষ্যে বিজ্ঞাপন প্রচার করা হয় এবং ভোক্তা সাধারণের জন্য নিরাপদ ও মানসম্পন্ন খাদ্যপণ্য সরবরাহ নিশ্চিত করার লক্ষ্যে বিএসটিআইয়ের জরুরি সেবা কার্যক্রম এবং দেশী ও আমদানিকৃত পন্যের নমুণা সংগ্রহ, পরীক্ষন ও কিউআর কোড সম্বলিত লাইসেন্স/ছাড়পত্র প্রদান সংক্রান্ত সেবা প্রদান করা হয়। | বিএসটিআই |
| ১৬. | বন্ধঘোষিত কল কারখানা পুনঃচালুকরণ।<br><br>**(নির্দেশনা নং-১৯)**<br>১২/৪/২০০৯ | **বাংলাদেশ ইনস্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি. (বিআইএসএফ), মিরপুর, ঢাকা।**<br>• মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৬ আগষ্ট ২০১৫ তারিখে 'জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (NCID)' এর সভা অনুষ্ঠিত হয় এবং সভায় ঢাকার মিরপুরস্থ BISFL কে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিজয়পুরস্থ সাদামাটি প্রকল্পের উদ্ভূত সমস্যা সমাধান করতঃ বর্তমান বাজার চাহিদার আলোকে গাজীপুরের খিলগাঁও নারায়নকূল মৌজায় প্রায় ৪২ একর জমি নির্ধারণ করা হয়েছে। | • চিটাগাং কেমিক্যাল কমপ্লেক্স লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৮(২)-এ বর্ণনা করা হয়েছে।<br>• খুলনা নিউজপ্রিন্ট মিলস্ লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৬-(১)-এ বর্ণনা করা হয়েছে।<br>• ঢাকা লেদার কো. লি. পুনরায় চালুকরণ বিষয়ে বিস্তারিত তথ্যাদি নির্দেশনা ক্রমিক নং ৮(৫)-এ বর্ণনা করা হয়েছে।<br>বাংলাদেশ ইন্স্যুলেটর ও স্যানিটারিওয়্যার ফ্যাক্টরি লি.(বিআইএসএফ), মিরপুর, ঢাকা।<br><br>মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে গত ২৬ আগষ্ট ২০১৫ তারিখে 'জাতীয় শিল্প উন্নয়ন পরিষদ (NCID)' এর সভা অনুষ্ঠিত হয় এবং সভায় ঢাকার মিরপুরস্থ BISFL কে অন্যত্র স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে বিসিআইসি একটি ইনহাউজ কমিটি গঠন করে। উক্ত কমিটি এতদ বিষয়ে একটি খসড়া সম্ভাব্যতা সমীক্ষার প্রতিবেদন প্রস্তুত করে। কমিটি বিআইএসএফ কারখানা স্থানান্তরের নিমিত্তে গাজীপুরের খিলগাঁও ও নারায়ণকূল মৌজায় ৪২ একর জমি নির্বাচনের প্রস্তাব প্রেরণ করে। পরবর্তীতে উক্ত কার্যক্রমের কোন অগ্রগতি না থাকায় বর্তমানে কারখানা স্থানান্তরের কার্যক্রম স্থগিত রয়েছে। | বিসিআইসি |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | চিনি আমদানি : বিএসএফআইসি বেসরকারী খাতের পাশাপাশি চিনি আমদানির কার্যক্রম গ্রহণ করবে। **নির্দেশনা নং-২০)** ১২/০৪/২০০৯ | সরকারের নির্দেশনায় ২৮-০৯-২০১৭ এবং ১২-১১-২০১৭ তারিখের চুক্তি অনুযায়ী অনুমোদিত ১ লক্ষ (±১০%) মে.টন চিনি আমদানির বিপরীতে ১০৭৮৯২.১৫০ মে.টন চিনি আমদানি করা হয়। ইতোমধ্যে ১০৭৮৯২.১৫০ মে.টন বিক্রয় হয়েছে। | নির্দেশনা ইতোমধ্যে প্রতিপালন হয়ে গিয়েছে বিবেচনায় এ প্যারাটি পরবর্তী প্রতিবেদনে উল্লেখ না করার অনুমতি চাওয়া হলে শিল্প মন্ত্রণালয়ের ২৮-১০-২০২০ তারিখের অনুষ্ঠিত সভার সিদ্ধান্তে বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য করে চলমান তালিকা থেকে বাদ দেয়ার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়কে পত্র মারফত অনুরোধ জানানো হয়েছে। এ বিষয়ে পরবর্তী কোন নির্দেশনা এখন পর্যন্ত পাওয়া যায়নি। | বিএসএফআইসি |
| ১৮. | চিনিকলে পাওয়ার জেনারেশনের ব্যবস্থা করা। **(নির্দেশনা নং-২১)** ১২/০৪/২০০৯ | "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটির বিষয়ে পরিকল্পনা কমিশনে ০৩-০১-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভায় আলোচ্য প্রকল্প দ্রুত সমাপ্ত করে নর্থবেঙ্গাল চিনিকলকে লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য একটি সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষা (Feasibility study) করণের সিদ্ধান্ত গৃহীত হয়। **'নর্থবেঙ্গল চিনিকল আধুনিকীকরণ ও উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা' (প্রাক্কলিত ব্যয়: ৮৯১.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: এপ্রিল ২০২৩- জুন ২০২৪ পর্যন্ত) প্রকল্প প্রস্তাব করা হয়।** | পরিকল্পনা কমিশনে পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির পুনর্গঠিত প্রস্তাব পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরবর্তীতে পরিকল্পনা কমিশন উক্ত প্রকল্পের মোট ব্যয় হ্রাস করা যায় কি-না সে বিষয়ে বিস্তারিত জানানোর জন্য অনুরোধ জানিয়ে ০৪-০৭-২০২৩ তারিখে পত্র প্রেরণ করেন। উক্ত পত্রের প্রেক্ষিতে সরকারি প্রতিষ্ঠানের মাধ্যমে সম্ভাব্যতা যাচাই করলে প্রকল্প ব্যয় কমানো সম্ভব কিনা তা যাচাইকরণের নিমিত্ত বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানকে পত্র প্রেরণ করা হয়েছে। সরকারি প্রতিষ্ঠানসমূহ হতে জবাব পাওয়া গেছে। সে মোতাবেক প্রাপ্ত জবাব গত ০১-১১-২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটির অনুমোদন পরিকল্পনা কমিশনে প্রক্রিয়াধীন। উক্ত প্রকল্পটি অনুমোদিত হলে পূর্নাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility study) দ্রুত সম্পন্ন করা হবে। | বিএসএফআইসি |
| ১৯. | র-সুগার আমদানি **(নির্দেশনা নং-২২)** ১২/৪/২০০৯ | "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগার বিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" এবং "নর্থবেঙ্গাল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন ও সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পদ্বয়ের সাথে রিফাইন্ড সুগার উৎপাদনের পরিকল্পনা ছিল। তবে পরিকল্পনা কমিশনের নির্দেশনা অনুযায়ী বর্ণিত প্রকল্পদ্বয়ের কার্যক্রম অসমাপ্ত রেখে সমাপ্ত করে নতুন ভাবে ঠাকুরগাঁও ও নর্থবেঙ্গল চিনিকলে সমীক্ষা প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত দেয়া হয়েছে। | • উক্ত সমীক্ষা প্রকল্পে বিষয়টি অন্তর্ভুক্ত করে প্রকল্প প্রস্তাব মন্ত্রণালয়ে করা হয়। পরবর্তীতে ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করে 'ঠাকুরগাঁও চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমুখীকরণ ও বিট সুগার প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' প্রকল্প প্রস্তাব ২৮-০৩-২০২২ তারিখে এবং 'নর্থবেঙ্গাল চিনিকল আধুনিকীকরণ ও উৎপাদন বহুমুখীকরণের সম্ভাব্যতা সমীক্ষা' প্রকল্প প্রস্তাব করা হয়েছে।<br>• প্রকল্পদ্বয়ের ডিপিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব দুইটি পুনর্গঠন করে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে ১০-০৪-২০২২ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে।পরবর্তীতে পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য শিল্প মন্ত্রণালয় থেকে পত্র প্রেরণ করা হলে অর্থ মন্ত্রণালয় থেকে অসম্মতি জ্ঞাপন করে পত্র প্রেরণ করে। পুনরায় প্রকল্পটি আরএডিপি'তে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হলে তা অনুমোদিত হয়েছে। নর্থবেঙ্গাল চিনিকলের প্রকল্প প্রস্তাব নিয়ে ২২-০৫-২০২২ তারিখের পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক সমীক্ষা প্রস্তাব পুনর্গঠন করে ০৪ জুলাই ২০২২ তারিখে প্রেরণ করা হয়েছে। উক্ত প্রকল্প নিয়ে ১৮-০১-২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে একটি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির পুনর্গঠিত প্রস্তাব চলমান রয়েছে। | বিএসএফআইসি |
| ২০. | রুগ্ন শিল্পের পুর্নবাসন **(নির্দেশনা নং-২৩)** ১২/৪/২০০৯ | প্রকৃত রুগ্নশিল্পের সংখ্যা নিরুপন ও রুগ্ন হওয়ার কারণ উদঘাটনের জন্য শিল্প মন্ত্রণালয়ের আওতাধীন বিআইএম-কে একটি সমীক্ষা করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | • গত ১৯ ডিসেম্বর, ২০১৯ তারিখে এ সংক্রান্ত একটি গবেষণা প্রস্তাব প্রেরণ করা হলে ১৬ ফেব্রুয়ারি, ২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয় বিআইএম-কে কার্যাদেশ প্রদান করেন এবং ২৯ জুন ২০২২ তারিখে অগ্রিম (৭০%) অর্থ প্রদান করেন।<br>• গবেষণা কার্যক্রম সমাপ্ত করে গত ৩রা জানুয়ারি ২০২৪ তারিখে সিনিয়র সচিব মহোদয়ের উপস্থিতিতে প্রতিবেদন উপস্থাপন করা হয়। তিনি তিনটি কর্পোরেশন (বিসিআইসি, বিএসইসি ও বিএসএফআইসি) এবং শিল্পমন্ত্রী মহোদয়ের মতামত নিয়ে তা প্রতিবেদনে অন্তর্ভুক্ত করার নির্দেশনা প্রদান করেন। এ লক্ষ্যে তিনটি Wrap-up কর্মশালা আয়োজন করতঃ ফিডব্যাক গ্রহণ করা হয়েছে। শিল্পমন্ত্রী মহোদয়ের মতামত গ্রহণকালে তিনি তিনটি কর্পোরেশনের উপর্যুক্ত প্রতিনিধিসহ পরবর্তী করণীয় নির্ধারণের অভিপ্রায় ব্যক্ত করেন। সে অনুযায়ী কার্যক্রম চলমান রয়েছে। | শিল্প মন্ত্রণালয়/ বিআইএম। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১. | "রুগ্ন শিল্প প্রতিষ্ঠানসমূহের জমি লাভজনক শিল্প প্রতিষ্ঠান স্থাপনের নিমিত্ত ব্যবহার করতে হবে"<br><br>**(নির্দেশনা নং-২৪)**<br>২২/০৫/২০১৮ | **বিএসএফআইসি:**<br>➢ বিএসএফআইসি'র কোন শিল্প কারখানা রুগ্ন শিল্প হিসেবে ঘোষিত হয়নি।<br><br>**বিসিক:**<br>রুগ্ন শিল্প প্রতিষ্ঠানের তালিকা প্রণয়ন এবং রুগ্ন শিল্প ইউনিট চালু করার কার্যক্রম চলমান রয়েছে। | **বিএসএফআইসি:**<br>➢ রংপুর চিনিকলের সাহেবগঞ্জ খামারের ৪৫০ একর জমি মাননীয় প্রধানমন্ত্রীর অনুমোদনের পরিপ্রেক্ষিতে বেপজাকে হস্তান্তরের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে।<br>**বিসিক:**<br>▪ ২০২৩-২০২৪ অর্থবছরে রুগ্ন/বন্ধ শিল্প ইউনিট চালুকরণের লক্ষ্যমাত্রা ১২০টি।<br>▪ বিসিকের ৮২ টি শিল্পনগরীতে ১১,১৭৪ টি শিল্পপ্লট ৬,১৩৫টি শিল্প ইউনিটের অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়েছে, যার মধ্যে উৎপাদনরত শিল্প ইউনিট ৪,৬২৭টি, বাস্তবায়নাধীন ১,০৮৫ টি। আলোচ্য মাসে ১২টি রুগ্ন/বন্ধ শিল্প ইউনিট চালু হয়েছে। বর্তমানে রুগ্ন/বন্ধ শিল্প ইউনিট ৪২৩টি। ২০২৩-২০২৪ অর্থবছরে ৭১টি শিল্প ইউনিট চালু হয়েছে।<br>▪ রুগ্ন/বন্ধ শিল্প ইউনিট চালু করণের জন্য বিসিক হতে নিয়মিত তাগাদা দেয়া হচ্ছে। জেলা প্লট বরাদ্দ কমিটির সভায় বিষয়টি উপস্থাপন করা হচ্ছে। | বিএসএফআইসি/ বিসিক |
| ২২. | আখের বিকল্প হিসেবে সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নিতে হবে। কৃষি মন্ত্রণালয় সুগার বিট বীজ সরবরাহ করবে। সুগার বিটের মাধ্যমে চিনি উৎপাদনের উদ্যোগ নেয়া গেলে চিনিকলগুলি সারা বছর পরিচালনা করা সম্ভব হবে।<br>**(নির্দেশনা নং-২৫)**<br>২২/৫/২০১৮ | উক্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে "ঠাকুরগাও চিনিকলের পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন এবং সুগারবিট থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন" শীর্ষক প্রকল্পে বিট থেকে চিনি উৎপাদনের জন্য প্লান্ট স্থাপনের পরিকল্পনা ছিল। তবে উক্ত প্রকল্পটির প্রস্তাবিত ২য় সংশোধিত ডিপিপি'র পিইসি সভায় বর্তমান অবস্থায় প্রকল্প সমাপ্ত ঘোষণার সুপারিশ করা হয় এবং ঠাকুরগাঁও চিনিকলকে একটি লাভজনক প্রতিষ্ঠানে রূপান্তর করার লক্ষ্যে শিল্প মন্ত্রণালয় হতে নতুন প্রকল্প গ্রহণ করার জন্য পূর্নাঙ্গ সম্ভাব্যতা পরীক্ষা (Feasibility study) সম্পন্ন করবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়। | ➢ 'ঠাকুরগাঁও চিনিকল আধুনিকীকরণ, উৎপাদন বহুমুখীকরণ ও বিট সুগার প্ল্যান্ট স্থাপনের সম্ভাব্যতা সমীক্ষা' (প্রাক্কলিত ব্যয়: ১২৫০.০০ লক্ষ টাকা, মেয়াদ কাল: মে ২০২৩ - জুন ২০২৪ পর্যন্ত) প্রকল্প প্রস্তাব শিল্প মন্ত্রণালয়ে ১০-০৬-২০২১ তারিখে প্রেরণ করা হয়। পিইসি সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্প প্রস্তাব পুনর্গঠন করে ১০-০৪-২০২২ তারিখে পরিকল্পনা কমিশনের নির্দেশনা মোতাবেক প্রকল্পটি অর্থ মন্ত্রণালয়ের সম্মতির জন্য প্রেরণ করা হলে অর্থ বিভাগ অসম্মতি জ্ঞাপন করে। পরবর্তীতে পুনরায় প্রকল্পটি আরএডিপি'তে অন্তর্ভুক্তির জন্য প্রস্তাব করা হলে তা অনুমোদিত হয়। তৎপ্রেক্ষিতে অর্থ বিভাগের সম্মতির জন্য ২৪ এপ্রিল ২০২৩ তারিখে পুনরায় পত্র প্রেরণ করা হয়েছে। অদ্যাবধি কোন মতামত পাওয়া যায়নি।<br>➢ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি ও নির্দেশনা বাস্তবায়ন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে অনুষ্ঠিত ২২-০৬-২০২৩ তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত সমীক্ষা প্রকল্প অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত আছে। প্রকল্পটি অনুমোদিত না হওয়ায় সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility study) এর কার্যক্রম শুরু হয়নি। প্রকল্পটি অনুমোদিত হলে সমীক্ষা প্রকল্প গ্রহণপূর্বক পূর্নাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা (Feasibility study) দ্রুত সম্পন্ন করা হবে। | বিএসএফআইসি |
| ২৩. | রাজশাহী ও চট্টগ্রামে আরও ২টি চামড়া শিল্পনগরী স্থাপন।<br><br>**(নির্দেশনা নং-২৬)**<br>০৭/১১/২০১৭ | • মিরসরাই বেজা হতে জমি না পাওয়ায় মিরসরাইতে বেজার অর্থনৈতিক অঞ্চল সংলগ্ন পূর্ব ইছাখালী ও পশ্চিম ইছাখালী মৌজায় 'বিসিক লেদার এন্ড লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পপার্ক, মিরসরাই, চট্টগ্রাম' স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।<br>• রাজশাহীতে বেজার অর্থনৈতিক অঞ্চল না থাকায় রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন স্বরূপনগর ও ভরুয়াপাড়া মৌজায় ১২৪.২১০১ একর জমিতে "বিসিক লেদার এন্ড ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাজশাহী" স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | **বিসিক লেদার এন্ড লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পপার্ক, মিরসরাই, চট্টগ্রাম**<br>• মিরসরাই বেজা হতে জমি বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হলে বেজা থেকে জানানো হয় যে, জমি বরাদ্দ প্রদান করা সম্ভব নয়। এ পরিপ্রেক্ষিতে বিসিকের শিল্প পার্ক স্থাপনের নিমিত্ত বেজা বাদে অন্যত্র জমি অধিগ্রহণে অনাপত্তিপত্র পাওয়া গেছে।<br>• ১০০.০০ একর জমি অধিগ্রহণের ব্যয় প্রাক্কলনসহ সম্মতি চেয়ে জেলা প্রশাসক, চট্টগ্রাম বরাবর তাগিদপত্র প্রেরণ করা হলেও জমির সম্মতিপত্র পাওয়া যায়নি।<br>• ১৯-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত সভায় সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় বেজা হতে ১০০.০০ একর জমি চাওয়ার নির্দেশনা প্রদান করেন। নির্দেশনা অনুযায়ী মিরসরাই বেজা হতে ১০০ একর জমি বরাদ্দের সম্মতিপ্রদানের জন্য ২০-০২-২০২৪ তারিখ নির্বাহী চেয়ারম্যান, বেজা বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br>**"বিসিক লেদার এন্ড ইঞ্জিনিয়ারিং ইন্ডাস্ট্রিয়াল পার্ক, রাজশাহী" শীর্ষক প্রস্তাবিত প্রকল্প**<br>• ১৮/১০/২০২০ তারিখে যাচাই কমিটির গঠন করা হয়েছে।<br>• জেলা প্রশাসক রাজশাহী থেকে রাজশাহী জেলার পুঠিয়া উপজেলাধীন স্বরূপনগর ও ভরুয়াপাড়া মৌজায় মাত্র ১২৪.২১০১ একর জমির মূল্যসহ সম্মতিপত্র পাওয়া গেছে। | বিসিক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | • ২১-০৮-২০২৩ তারিখ গ্যাস ও বিদ্যুতের প্রাক্কলন ও সম্মতির জন্য সংশ্লিষ্ট দপ্তর বরাবর পত্র প্রেরণ করা হলে ১৭-০৯-২০২৩ তারিখে বিদ্যুতের প্রাক্কলন পাওয়া গেছে। গ্যাসের প্রাক্কলন পাওয়া যায়নি। গ্যাসের প্রাক্কলন প্রাপ্তির লক্ষ্যে পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেডের সাথে যোগাযোগ অব্যাহত আছে।<br>• প্রকল্প এলাকার লে-আউট ডিজাইন, ড্রইং এবং পূর্তকাজের প্রাক্কলনের জন্য প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রাক্কলন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। | ( |
| ২৪. | সাভার চামড়া শিল্পনগরীতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা গ্রহণ।<br><br>**(নির্দেশনা নং-২৭)**<br>০৬/১১/২০১৮ | বিদ্যমান চামড়া শিল্পনগরী সংলগ্ন এলাকায় আরও ২০০ একর জমি অধিগ্রহণ করার মাধ্যমে "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা" শীর্ষক প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে যাতে শ্রমিকদের আবাসনের ব্যবস্থা রাখা হবে। | • 'বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা' শীর্ষক প্রস্তাবিত প্রকল্পের ডিপিপিতে চামড়া শিল্পনগরীর শ্রমিকদের জন্য আবাসনের সংস্থান (৬.৫৯ একর জায়গা) রাখা হয়েছে। প্রকল্পের উপর ০৭-০৪-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>• পিইসি সভার কার্যবিবরণীর ৬.১ অনুচ্ছেদে বর্ণিত প্রকল্পের আর্থ-সামাজিক, কারিগরি ও অর্থনৈতিক বিশ্লেষণের জন্য একটি কারিগরি সমীক্ষা প্রকল্প গ্রহণের নির্দেশনা দেয়া হয়। নিজস্ব অর্থায়নে সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প গ্রহণের প্রস্তাব করা হয়।<br>• গত ১৪-০৬-২০২৩ তারিখ ডিপিইসি সভা অনুষ্ঠিত হয়। ডিপিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প'টি ০৬-০৮-২০২৩ তারিখে অনুমোদিত হয়েছে এবং ১০-০৯-২০২৩ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা হয়েছে। ০৫-১১-২০২৩ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান Infrastructure Investment Facilitation Company (IIFC) এর সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। IIFC কর্তৃক সম্ভাব্যতা সমীক্ষার কাজ শেষ পর্যায়ে রয়েছে।<br>• চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করা হবে। | বিসিক |
| ২৫. | চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীর জন্য যথাযথ প্রশিক্ষণের উদ্যোগ গ্রহণ।<br>**(নির্দেশনা নং-২৮)**<br>০৬/১১/২০১৮ | এ বিষয়ে সচেতনতামূলক প্রশিক্ষণ/ওয়ার্কশপ/সেমিনার বাস্তবায়নের জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর-কে অনুরোধ জানানো হয়েছে। | • "বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা" তে এই ধরনের প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করার জন্য একটি লেদার ইনস্টিটিউট করার প্রস্তাব করা হয়েছে। এজন্য শিল্প নগরীতে ২.৪১ একর জায়গার সংস্থান রাখা হয়েছে। উদ্যোক্তাদের অর্থায়নে এ প্রশিক্ষণ ইনস্টিটিউট নির্মাণ করা হবে।<br>• এছাড়া প্রতিবছর পশু কোরবানির সময় জেলা প্রশাসক ও বিসিক অফিসের মাধ্যমে চামড়া শিল্পখাতে কর্মরত শ্রমিক ও পশু কোরবানির কাজে নিয়োজিত জনগোষ্ঠীকে লিফলেট, পোস্টার এর মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা হয়। | বিসিক |

বাস্তবায়িত প্রতিশ্রুতিসমূহ:

| ক্রঃ নং | প্রদত্ত প্রতিশ্রুতি | প্রতিশ্রুতি প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০১. | রাজশাহী বিসিক শিল্পন গরীর সম্প্রসারণ, উন্নয়ন ও আধুনিকায়ন করা। | ২৪/১১/২০১১ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০২. | বরগুনায় বিসিক শিল্প নগরী স্থাপন। | ০৬/৫/২০১০ খ্রি. | | - | বাস্তবায়িত |

বাস্তবায়িত নির্দেশনাসমূহ:

| ক্রঃ নং | প্রদত্ত নির্দেশনা | নির্দেশনা প্রদানের সময় | গৃহীত ব্যবস্থা ও বাস্তবায়নের মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৭ |
| ০১. | জেলা ভিত্তিক প্রাকৃতিক সম্পদ এবং সম্ভাবনা চিহ্নিত করে ক্ষুদ্র ও মাঝারি শিল্প কারখানা স্থাপনের উদ্যোগকে উৎসাহিত করতে হবে। | ১৮/১০/২০১৬ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০২. | প্রতিটি বিসিক শিল্প এলাকায় একটি জলাধার/লেক/পুকুর/খালের সংস্থান রাখতে হবে যাতে বৃষ্টির পানি সংরক্ষণ ও ব্যবহার করা যায়। | ০১/১২/২০১৫ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৩. | "দেশের জনগণের ক্রয়ক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে কর্মসংস্থান সৃষ্টির জন্য ক্ষুদ্র ও মাঝারি শিল্প অধিক সংখ্যায় স্থাপন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।" | ০৫/৩/২০১৮ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ০৪. | যেসব জমি অনুর্বর অথবা ফসল কম হয় সে সব জমি শিল্প ও বাণিজ্যিক কাজে ব্যবহার করা ও দেশের উত্তরাঞ্চলে শিল্পায়নের জন্য জমি নির্দিষ্ট করে দিতে হবে। | ১৮/০৯/২০১৪ | | - | বাস্তবায়িত |
| ০৫. | শ্রমঘন শিল্পের বিকাশে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ, অধিক সংখ্যক কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে গুরুত্বারোপ, শিল্পনীতিতে সহায়ক সুযোগ রাখা এবং শিক্ষিত জাতির কর্মসংস্থানে শিল্পের বিকাশে শিল্প মন্ত্রণালয়কে দায়িত্বপালন করতে হবে। | ২৪/০৮/২০১৪ | | - | বাস্তবায়িত |
| ০৬. | শিল্পের মালিকানা সরকারি,বেসরকারি, যৌথ এ তিন প্রকার হতে হবে, বেসরকারি মালিকানাধীন শিল্পকে সহায়তার পাশাপাশি তাদের পরিবেশ বান্ধব উৎপাদন, শ্রমিকদের জীবনমান উন্নয়ন এবং সামাজিক দায়বদ্ধতার বিষয়টি নিশ্চিত করতে হবে। | | | - | বাস্তবায়িত |
| ০৭. | মার্কেট এক্সেস এন্ড ট্রেড ফেসিলেটেশন সাপোর্ট ফর সাউথ এশিয়ান এলডিসি থ্রু স্ট্রেংদেনিং ইন্সটিটিউশনাল এন্ড ন্যাশনাল ক্যাপাসিটিজ রিলেটেড টু স্ট্যান্ডার্ডস, মেট্রোলজি, টেস্টিং এন্ড কোয়ালিটি ফেজ-২। | | | - | বাস্তবায়িত |
| ০৮. | মর্ডানাইজেশন অব বিএসটিআই থ্রু প্রোকিউরমেন্ট অব সফস্টিকেটেড ইকুইপমেন্ট এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট অব ল্যাবরেটরিজ ফর এ্যাক্রিডিটেশন। | | | - | বাস্তবায়িত |
| ০৯. | নবসৃষ্ট এক্রিডিটেশন বোর্ডের নিয়োগ বিধি চূড়ান্তকরণ ও জনবল নিয়োগ। | | | - | বাস্তবায়িত |
| ১০. | এটলাস বাংলাদেশ লি. এর মাধ্যমে পরিবেশ বান্ধব ব্যাটারি চালিত গাড়ি উৎপাদন। | | | - | বাস্তবায়িত |
| ১১. | বিএসটিআই'র পরীক্ষার মান এবং পণ্যের সাটিফিকেটকে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য করা। | ১২/০৪/২০০৯ | | - | বাস্তবায়িত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১২. | বিটাক কর্তৃক উৎপাদিত পণ্য সরকারের বিভিন্ন প্রতিষ্ঠান/শিল্পে ব্যবহার। | | | - | বাস্তবায়িত |
| ১৩. | হাতে কলমে কারিগরি প্রশিক্ষণে মহিলাদের গুরুত্ব দিয়ে বিটাকের কার্যক্রম সম্প্রসারণপূর্বক আত্ম-কর্মসংস্থান সৃষ্টি। | | | - | বাস্তবায়িত |
| ১৪. | বিটাক বগুড়া প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ১৫. | মঙ্গা এলাকায় জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন প্রকল্প এবং বিসিক বেনারশী পল্লী উন্নয়ন, রংপুর প্রকল্প বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ১৬. | রাষ্ট্রায়ত্ব ২টি কারখানা পরিচ্ছন্নকরণ ও শিল্প পার্ক স্থাপন শীর্ষক প্রকল্প চালু করার ব্যবস্থা করণ। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১৭. | "শাহজালাল ফার্টিলাইজার কোম্পানি লি." এবং "নর্থও-য়েস্ট ফার্টিলাইজার কোম্পানি লি." শীর্ষক প্রকল্পদ্বয় গ্রহণ। | ১২/০৪/২০০৯ খ্রি. | | - | বাস্তবায়িত |
| ১৮. | চিনিকলসমূহে উৎপাদন ক্ষমতা অব্যাহত রাখার লক্ষ্যে ০৭(সাত) টি চিনিকলের পুরাতন সেন্ট্রিফিউগাল মেশিন প্রতিস্থাপন করা। | | | - | বাস্তবায়িত |
| ১৯. | বিএমআর অব ফরিদপুর সুগার মিলস লি. (সংশোধিত) প্রকল্প বাস্তবায়ন। | | | - | বাস্তবায়িত |
| ২০. | কেরুজ সুগার মিলে (ডিস্টিলারিতে) প্রেসমাড হতে অর্গানিক জৈবসার উৎপাদন প্লান্ট স্থাপন প্রকল্প বাস্তবায়ন করা। | | | - | বাস্তবায়িত |
| ২১. | বিভিন্ন চিনিকলের জন্য পাওয়ার টারবাইন, ডিজেল জেনারেটর ও বয়লার প্রতিস্থাপন প্রকল্প। | | | - | বাস্তবায়িত |
| ২২. | সিলেট ও বরিশাল বিভাগে বিএসটিআই'র আঞ্চলিক অফিস স্থাপন, আধুনিকীকরণ ও উন্নয়ণ প্রকল্প। | | | - | বাস্তবায়িত |
| ২৩. | Barrier Removal to the Cost-Effective Development and Implementation of Energy Standards & Labeling (BRESL). | | | - | বাস্তবায়িত |
| ২৪. | কারখানার শ্রমিকদের চাকরির বয়স বৃদ্ধিকরণ। | | | - | বাস্তবায়িত |
| ২৫. | নতুন শিল্প কারখানা স্থাপন পদক্ষেপ গ্রহণ। | | | - | বাস্তবায়িত |
| ২৬. | ডিএপি সার ব্যবহারে কৃষকদের সচেতনতা বৃদ্ধি করা এবং এ সম্পর্কে কৃষি সম্প্রসারণ বিভাগ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। | | | - | বাস্তবায়িত |
| ২৭. | ফুড প্রসেসিং ইউনিট স্থাপন। | | | - | বাস্তবায়িত |
| ২৮. | আখ চাষীদের স্বার্থ সংরক্ষণ। | | | - | বাস্তবায়িত |
| ২৯. | চিনিকলের অব্যবহৃত জমি লীজ প্রদান। | | | - | বাস্তবায়িত |
| ৩০. | রংপুরে শতরঞ্জি শিল্পের বিকাশের জন্য নিশবেতগঞ্জে শতরঞ্জি পল্লী স্থাপন। | | | - | বাস্তবায়িত |
| ৩১. | জাতীয় শিল্পনীতি ২০১০। | | | - | বাস্তবায়িত |
| ৩২. | Modernization & Strengthening of BSTI (বিএসটিআই এর আধুনিকায়ন) | | | - | বাস্তবায়িত |
| ৩৩. | মুন্সিগঞ্জ জেলার গজারিয়ায় ২০০ একর জমি অধিগ্রহণের মাধ্যমে Active Pharmaceuticals Ingredients (API) শিল্পপার্ক স্থাপন। | ১২/৪/২০০৯খ্রি. | | | বাস্তবায়িত |
| ৩৪. | চামড়া শিল্প প্রকল্পের আওতায় কেন্দ্রীয় শোধনাগার ও ডাম্পিং ইয়ার্ড নির্মাণ। | ১২/৪/২০০৯খ্রি. | | | বাস্তবায়িত |
| ৩৫. | বিএসটিআই সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (৫ জেলা) | ১২/৪/২০০৯খ্রি. | | | বাস্তবায়িত |